**প্রশ্ন ▶ ১** জনাব সিয়াম শিল্পের কাঁচামাল সরবরাহ এবং উৎপাদিত পণ্য ক্রেতার নিকট পৌছানো সংক্রান্ত কাজের সাথে জড়িত। এজন্য তাকে পণ্য সংরক্ষণ, ব্যাংকের সাথে লেনদেন, পণ্যের প্রচার ইত্যাদি কাজ করতে হয়। তার এ সকল কাজের জন্য পর্যাপ্ত মূলধনের প্রয়োজন হলে বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান ঘুরে ঋণ না পেয়ে হতাশ হলেন।

*[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]*

ক. প্রজনন শিল্প কী? ১

খ. প্রযুক্তিগত পরিবেশ কীভাবে ব্যবসায়িক পরিবেশকে প্রভাবিত করে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত জনাব সিয়ামের কাজটি ব্যবসায়ের কোন শাখার অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. একটি দেশের ব্যবসায় দ্রুত বিকাশের জন্য পরিবেশের ভূমিকা উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো। ৪

## ১ নং প্রশ্নের উত্তর

**ক** যে শিল্পের উৎপাদিত সামগ্রী পুনরায় উৎপাদনের কাজে ব্যবহৃত হয় তাকে প্রজনন শিল্প বলে।

**খ** প্রযুক্তিগত উপাদানসমূহ নিয়ে প্রযুক্তিগত পরিবেশ গঠিত।

প্রযুক্তি শিক্ষা, কারিগরি দক্ষতা, উন্নত প্রযুক্তিনির্ভর প্রতিষ্ঠান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি হলো প্রযুক্তিগত পরিবেশের উপাদান। এসব উপাদান ব্যবসায়ে দক্ষতাসম্পন্ন কর্মী তৈরি, উন্নত যন্ত্রপাতির ব্যবহার, উৎপাদন বৃদ্ধি প্রভৃতি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ প্রভাব রাখে। এজন্য প্রযুক্তির উন্নয়নের সাথে সাথে ব্যবসায় বাণিজ্যেরও উন্নয়ন ঘটে।

**গ** উদ্দীপকে জনাব সিয়ামের কাজটি ব্যবসায়ের বাণিজ্য শাখার অন্তর্গত।

ব্যবসায়ে ব্যবহৃত কাঁচামাল উৎপাদকের নিকট পৌছানো কিংবা শিল্পে উৎপাদিত পণ্য বা সেবাসামগ্রী ভোক্তাদের নিকট পৌছানোর কাজকে বাণিজ্য বলে। পণ্যদ্রব্য ক্রয়-বিক্রয় কাজে অর্থগত, ঝুঁকিগত, স্থানগত, কালগত সমস্যা দেখা দিতে পারে। এক্ষেত্রে পরিবহন, ব্যাংকিং, বিমা প্রভৃতি বাণিজ্যিক কার্যাবলি সহায়তা করে।

উদ্দীপকে জনাব সিয়াম শিল্পের কাঁচামাল সরবরাহ এবং উৎপাদিত পণ্য ক্রেতার নিকট পৌছানো সংক্রান্ত কাজে জড়িত। এজন্য তাকে পণ্য সংরক্ষণ, ব্যাংকিং লেনদেন, প্রচার ইত্যাদি কাজ করতে হয়। অর্থাৎ জনাব সিয়াম কাঁচামাল সরবরাহের মাধ্যমে পণ্য উৎপাদকের নিকট পৌছায়। আবার উৎপাদিত পণ্য ক্রেতার নিকট পৌছাতেও জনাব শিহাব ভূমিকা রাখেন। তার কাজে পরিবহন, ব্যাংক, গুদামজাতকরণ প্রভৃতি সম্পাদিত হয়। তাই সিয়ামের কাজটি বাণিজ্যের অন্তর্গত।

**ঘ** উদ্দীপকের আলোকে বলা যায়, একটি দেশের ব্যবসায় দ্রুত বিকাশের জন্য অনুকূল পরিবেশের ভূমিকা তাৎপর্যপূর্ণ।

ব্যবসায়িক পরিবেশ নানান উপাদান নিয়ে গঠিত। প্রাকৃতিক, অর্থনৈতিক সামাজিক, রাজনৈতিক, আইনগত, প্রযুক্তিগত বিষয়াবলি নিয়ে ব্যবসায় পরিবেশ গঠিত। এসব উপাদানের অনুকূল উপস্থিতি ব্যবসায়কে সম্প্রসারণ করে। আবার এর প্রতিকূলতা ব্যবসায়কে বাধাগ্রস্ত করে।

উদ্দীপকে জনাব সিয়াম বাণিজ্যের সাথে জড়িত। তাকে তার কাজের জন্য গুদামজাতকরণ, ব্যাংকিং, বিজ্ঞাপনমূলক কাজ করতে হয়। এজন্য অর্থের প্রয়োজন। তবে তিনি মূলধনের জন্য বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানে ঘুরে ঋণ না পেয়ে হতাশ।

সিয়ামের মূলত মূলধন সমস্যা। এটি অর্থনৈতিক পরিবেশের আওতাভুক্ত। পর্যাপ্ত মূলধন পেলে সিয়ামের ব্যবসায় চালু রাখা সম্ভব হবে। এতে অন্যরাও ব্যবসায় করতে উৎসাহিত হবে। ফলে সার্বিকভাবে দেশের উন্নয়ন ঘটবে। পরিশেষে অনুকূল ব্যবসায়িক পরিবেশ দেশের দ্রুত ব্যবসায় বিকাশের জন্য সহায়ক হবে।

**প্রশ্ন ▶ ২** কাজল এমবিএ পাস করার পর রাজশাহীতে একটি সিল্ক শাড়ির পাইকারি ব্যবসায় শুরু করেন। তিনি মানসম্মত শাড়ি পাইকারি দামে কিনে এবং এগুলো দেশে পাইকারি দামে বিক্রয় করেন এবং বিদেশেও রপ্তানি করেন। যেহেতু রাজশাহী সিল্কের চাহিদা বিদেশে দিন দিন বৃদ্ধি পাচ্ছে তাই তিনি তার ব্যবসায়কে আরও বাড়াতে চাচ্ছেন। এজন্য তার ব্যাংকের সাহায্য প্রয়োজন। *[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা; বি এ এফ শাহীন স্কুল এন্ড কলেজ, যশোর; সরকারি ইকবালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা; কাদিরাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, নাটোর]*

ক. ব্যবসায় কী? ১

খ. জেন্ডার সচেতনতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. রাজশাহীতে সিল্ক শাড়ি ব্যবসায়ে পরিবেশের কোন উপাদান প্রাধান্য পেয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. কাজলের ব্যবসায় সম্প্রসারণে ব্যাংক কীভাবে ভূমিকা রাখতে পারে? মূল্যায়ন করো। ৪

## ২ নং প্রশ্নের উত্তর

**ক** মুনাফা অর্জনের লক্ষ্যে পরিচালিত সকল বৈধ অর্থনৈতিক কর্মকাণ্ডকে ব্যবসায় বলে।

**খ** নারী-পুরুষের ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গি ও সামাজিক অবস্থান সম্পর্কে সচেতন থাকাকে জেন্ডার সচেতনতা বলে।

একজন কর্মী নারী বা পুরুষ যাই হোক না কেন নারী-পুরুষ উভয়ের প্রতি শ্রদ্ধাশীল, সহানুভূতিশীল হতে হবে। অর্থাৎ নারী-পুরুষ পক্ষপাতহীনতা বজায় রাখতে হবে। কারো প্রতি অনৈতিক কোনো পক্ষপাতিত্ব না করাই হলো জেন্ডার সচেতনতা।

**গ** কাজল রাজশাহীতে সিল্ক শাড়ি ব্যবসায় স্থাপনে সামাজিক পরিবেশের ঐতিহ্য উপাদানের ওপর গুরুত্বারোপ করেছেন।

যুগ যুগ ধরে চলতে থাকা সমাজের রীতি-নীতি, প্রথা ইত্যাদি হলো ঐতিহ্য, যা মানুষ এবং সমাজের মধ্যে ঐকান্তিক বন্ধন সৃষ্টি করে। এসব ঐতিহ্য ব্যবসায়ে প্রভাব ফেলে।

কাজল রাজশাহীতে সিল্ক শাড়ির পাইকারি ব্যবসায় শুরু করেন। প্রাচীনকাল থেকেই সিল্ক শাড়িকে রাজশাহীর ঐতিহ্যের অংশ হিসেবেই মনে করা হয়। রাজশাহীর সিল্ক শাড়ির জগৎজোড়া খ্যাতি রয়েছে। এ সিল্ক রাজশাহীর গর্ব। এগুলো বিবেচনা করেই কাজল ব্যবসায় স্থাপন করেন এবং ব্যবসায়ে ব্যাপক সফলতা অর্জন করেছেন। এ ঐতিহ্য সামাজিক পরিবেশের উপাদান। অর্থাৎ কাজল ব্যবসায় স্থাপনে সামাজিক পরিবেশের উপাদানের ওপর গুরুত্বারোপ করেছেন।

rajib

Scanned with CamScanner

ঘ কাজলের ব্যবসায় সম্প্রসারণে ব্যাংক ঋণ সহায়তা এবং অন্যান্য ব্যাংকিং সেবা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

ব্যাংক অর্থ ও ঋণের ব্যবসায়ী একটি প্রতিষ্ঠান, যা ব্যবসায়ের অর্থসংস্থানজনিত সমস্যা দূর করে। আমদানি-রপ্তানি বাণিজ্য সম্প্রসারণে ব্যাংক অর্থের যোগান দেয়।

কাজল রাজশাহীর সিল্ক শাড়ির একজন পাইকারি ব্যবসায়ী। শাড়ির গুণাগুণ মানসম্মত হওয়ায় বিদেশে তার কাপড়ের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এ চাহিদা মোকাবিলা এবং বাজারে টিকে থাকার জন্য তার ব্যবসায় সম্প্রসারণ করা আবশ্যক। তার ব্যবসায় সম্প্রসারণে আর্থিক সাহায্য প্রয়োজন। এক্ষেত্রে কাজল তার প্রয়োজনীয় অর্থ ব্যাংক থেকে সংগ্রহ করতে পারেন।

ব্যাংক ব্যবসায় সম্প্রসারণে বিভিন্ন স্বল্প ও দীর্ঘমেয়াদি ঋণ প্রদান করে। তাছাড়া আন্তর্জাতিক ব্যবসায় প্রসারেও বাণিজ্যিক ব্যাংক বিভিন্ন সহায়তা দিয়ে থাকে। ব্যাংক এভাবে ঋণ প্রদান এবং ব্যবসায়িক সহায়তা দিয়ে কাজলের ব্যবসায় সম্প্রসারণে ভূমিকা রাখতে পারে।

**প্রশ্ন ▶৩** ব্যবসায় একটি অর্থনৈতিক কর্মকাণ্ড হিসেবে গণ্য হলেও ব্যবসায় যেকোনো দেশের আর্থ-সামাজিক রাজনৈতিক তথা সামগ্রিক উন্নয়নে বিশেষ অবদান রেখে চলেছে। ব্যবসায়ের প্রয়োজনীয়তা উপলব্ধি করেই গড়ে উঠেছে ছোট-বড় দোকান থেকে শুরু করে বিশাল শিল্প কারখানা। *[আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]*

ক. আধুনিক ব্যবসায়ের গুরুত্বপূর্ণ শাখা কোনটি? ১

খ. বাণিজ্যকে আধুনিককালে ব্যবসায় টু ব্যবসায় বলে অভিহিত করা হয় কেন? ২

গ. বিশাল শিল্প কারখানা গড়ে ওঠার পেছনে কোন উপাদানটির ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'বর্তমান বিশ্বে ব্যবসায়ের গুরুত্ব অপরিসীম' —উক্তিটি মূল্যায়ন করো। ৪

### ৩ নং প্রশ্নের উত্তর

ক আধুনিক ব্যবসায়ের গুরুত্বপর্ণ শাখা হলো প্রত্যক্ষ সেবা।

খ বাণিজ্য হলো পণ্য বা সেবাসামগ্রী বণ্টনকারী শাখা।

পণ্য বা সেবা শুধু ভোগের জন্যই ক্রয় করা হয় না, বরং এটি পুনঃবিক্রয়ের জন্যও ক্রয় করা হয়। একজন ব্যবসায়ী অন্য ব্যবসায়ীর নিকট থেকে পণ্য ক্রয় করে ভোক্তাদের নিকট বিক্রয় করেন। আবার পণ্য উৎপাদনের জন্যও ব্যবসায়ীরা অন্য ব্যবসায়ীর নিকট থেকে কাঁচামাল সংগ্রহ করেন। এখানে ক্রেতা ও বিক্রেতা উভয়ই ব্যবসায়ী। একটি ব্যবসায়ের সাথে অন্য ব্যবসায়ের যে আর্থিক লেনদেন সেটিই ব্যবসায় টু ব্যবসায়।

গ বিশাল শিল্প কারখানা গড়ে ওঠার পেছনে ব্যবসায়ের ভূমিকা অপরিসীম।

মুনাফা অর্জনের লক্ষ্যে পরিচালিত অর্থনৈতিক কর্মকাণ্ডকে ব্যবসায় বলে। আর ব্যবসায়ের প্রয়োজনে গড়ে ওঠে বিভিন্ন শিল্প কারখানা।

উদ্দীপকে বলা হয়েছে যে, ব্যবসায় একটি অর্থনৈতিক কর্মকাণ্ড হিসেবে গণ্য হলেও ব্যবসায় যেকোনো দেশের আর্থসামাজিক, রাজনৈতিক তথা সামগ্রিক উন্নয়নে বিশেষ অবদান রেখে চলেছে। ব্যবসায়কে কেন্দ্র করেই গড়ে উঠেছে বিশাল শিল্প কারখানা। একটি দেশের ব্যবসায় বাণিজ্য যত উন্নত, দেশ শিল্পে তত উন্নত। ব্যবসায়ের উৎপাদিত বিভিন্ন পণ্যকে ঘিরে গড়ে উঠেছে বিভিন্ন নতুন নতুন শহর বন্দর ও শিল্প কারখানা।

ঘ বর্তমান বিশ্বে ব্যবসায়ের গুরুত্ব অপরিসীম। উক্তিটি তাৎপর্যপূর্ণ।

পণ্যদ্রব্য ও সেবাকর্ম উৎপাদন, পণ্যদ্রব্য বিনিময় ও এর সহায়ক কাজের সমষ্টিকে ব্যবসায় বলে। অর্থনৈতিক কর্মকাণ্ড ও লেনদেনকে ঘিরে ব্যবসায়ের উদ্ভব হয়। আজকাল ব্যবসায় আর অর্থনৈতিক কর্মকাণ্ডের মধ্যে সীমাবদ্ধ নয়। দেশের আর্থসামাজিক, রাজনৈতিক তথা সার্বিক উন্নয়নে ব্যবসায়ের ভূমিকা অপরিসীম। বর্তমানে পৃথিবীতে যে সকল দেশ উন্নতির চরম শিখরে অবস্থান করছে সে দেশগুলো ব্যবসা-বাণিজ্যে উন্নত।

ব্যবসায়ের মাধ্যমে একটি দেশের সম্পদের সদ্ব্যবহার করা হয়। এর ফলে সঞ্চয় বৃদ্ধি পায়। মূলধন গঠিত হয় ও জাতীয় আয় বৃদ্ধি পায়। কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে বেকারত্ব হ্রাস পায়। ব্যবসায় একটি সৃজনশীল কাজ। ফলে ব্যবসায় গবেষণা ও সৃজনশীল কাজের উন্নয়ন ঘটিয়ে দেশের অর্থনীতিতে বিরাট অবদান রাখে। তাছাড়া ব্যবসায়কে কেন্দ্র করে বিভিন্ন শিল্প-কারখানা, শহর বন্দর গড়ে ওঠে।

**প্রশ্ন ▶৪** ব্যবসা-বাণিজ্যের সমৃদ্ধির কারণে বহু দেশ উন্নতির চরম শিখরে আরোহণ করেছে। মানুষের ব্যক্তিগত জীবনে কিংবা ১টি সমাজ বা জাতির সমৃদ্ধির জন্য ব্যবসায়ের অবদানের তুলনা মিলে না। *[ভিকারুননিসা নূন স্কুল ও কলেজ, ঢাকা]*

ক. ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী? ১

খ. শিল্প বলতে কী বোঝায়? উদাহরণ দাও। ২

গ. মানুষ কীভাবে আজন্ম পরিবেশ দ্বারা প্রভাবিত হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. আমাদের দেশে যুব সমাজের নিকট ব্যবসায়ের গুরুত্ব কতটুকু? মূল্যায়ন করো। ৪

### ৪ নং প্রশ্নের উত্তর

ক ব্যবসার প্রধান উদ্দেশ্য হলো মুনাফা অর্জন।

খ শিল্প হলো উৎপাদনের বাহন।

যে প্রক্রিয়ায় প্রাকৃতিক সম্পদ আহরণ, কাঁচামালে রূপদান এবং প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে কাঁচামালকে মানুষের ব্যবহার উপযোগী পণ্যে পরিণত করা হয় তাকে শিল্প বলে। নার্সারি, মৎস্য চাষ, সেতু নির্মাণ, ব্যাংকিং ও স্বাস্থ্যসেবা শিল্পের অন্যতম উদাহরণ।

গ উদ্দীপকের আলোকে বলা যায় মানুষ আজন্ম পরিবেশ দ্বারা প্রভাবিত হয়।

পরিবেশ হলো কোনো অঞ্চলের জনগণের জীবনধারা ও অর্থনৈতিক কার্যাবলিকে প্রভাবিত করে এমন সব উপাদানের সমষ্টি। পরিবেশ দ্বারা মানুষের জীবনধারা, আচার-আচরণ, শিক্ষা, সংস্কৃতি অর্থনীতি এবং ব্যবসায় প্রভাবিত হয়। কোনো স্থানের ব্যবসায় ব্যবস্থার উন্নতি নির্ভর করে ব্যবসায়িক পরিবেশের ওপর।

উদ্দীপকে বলা হয়েছে ব্যবসা-বাণিজ্যের সমৃদ্ধির কারণে বহু দেশ উন্নতির চরম শিখরে আরোহণ করেছে। একজন মানুষের ব্যক্তিগত জীবনে ব্যবসায়ের অবদান তুলনাহীন। মানুষ যে পরিবেশে বড় হয় সেই পরিবেশের আচার-আচরণ শিক্ষা, সংস্কৃতি সে ধারণ করে। জন্ম থেকেই মানুষের চারপাশে ব্যক্তি, সমাজের আচরণই মূলত তার মাঝে প্রতিফলিত হয়। এসব বিষয় নিয়ে পরিবেশ সৃষ্টি হয়। এজন্যই বলা হয়, মানুষ আজন্ম পরিবেশ দ্বারা প্রভাবিত হয়।

ঘ উদ্দীপকের আলোকে বলা যায় আমাদের দেশে যুব সমাজের নিকট ব্যবসায়ের গুরুত্ব অপরিসীম।

মুনাফা অর্জনের লক্ষ্য যাবতীয় বৈধ অর্থনৈতিক কর্মকাণ্ডকে ব্যবসায় বলে। ব্যবসায়ের মাধ্যমে ব্যক্তি শুধু নিজে নয় অন্যজনেরও কর্মসংস্থানের ব্যবস্থা করে। এতে বেকার যুবক-যুবতীরা তাদের নিজেদের আর্থিক অবস্থা এবং সার্বিকভাবে দেশের উন্নয়ন করে থাকে।

উদ্দীপকে বলা হয়েছে ব্যবসা-বাণিজ্যের সমৃদ্ধির কারণে বহু দেশ উন্নতির চরম শিখরে আরোহণ করেছে। একজন মানুষের ব্যক্তিজীবনে

rajib

Scanned with CamScanner

ব্যবসায়ের প্রভাব অপরিসীম। আবার একটি সমাজ বা জাতির সমৃদ্ধির জন্যও ব্যবসায়ের অবদান তুলনাহীন।

আমাদের দেশে বেকার যুবক-যুবতীর সংখ্যা অনেক বেশি। সরকারি এবং বেসরকারি ক্ষেত্রে চাকরির সুযোগও সীমিত। তাই ব্যবসায়ে মনোনিবেশ করলে বেকারত্ব যেমন হ্রাস পাবে তেমনি আর্থিক সমৃদ্ধিও ঘটবে। তাই বলা যায়, আমাদের দেশে যুব সমাজের নিকট ব্যবসায়ের গুরুত্ব অপরিসীম।

প্রশ্ন ▶৫ মৌমিতা বিবিএ পাস করে ১টি শাড়ির শোরুম দিয়ে তার ব্যবসায় শুরু করল। অল্প কয়েক দিনের মধ্যে তার শোরুমটি বেশ পরিচিতি লাভ করল ক্রেতাদের মধ্যে। তার শোরুমের শাড়ির চাহিদা বৃদ্ধি পাওয়ায় সে বিদেশেও শাড়ি রপ্তানি করার কথা চিন্তা করল এবং সেজন্য ১টি ব্যাংকের শরণাপন্ন হলো।

*[ভিকারুননিসা নূন স্কুল ও কলেজ, ঢাকা]*

ক. কোন ব্যবসায়ে একজন মালিক? ১

খ. ব্যবসায়ের ৩টি প্রধান বৈশিষ্ট্য উল্লেখ করো। ২

গ. মৌমিতার শাড়ির শোরুমটি কোন ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. শাড়ি রপ্তানি করার ক্ষেত্রে ব্যাংক কী ভূমিকা রাখতে পারে মূল্যায়ন করো। ৪

**৫ নং প্রশ্নের উত্তর**

ক একমালিকানা ব্যবসায়ের মালিক হলো একজন।

খ মুনাফা অর্জনের লক্ষ্যে পরিচালিত অর্থনৈতিক কর্মকাণ্ডকে ব্যবসায় বলে। ব্যবসায়ের তিনটি বৈশিষ্ট্য নিম্নরূপ:

১. ব্যবসায়ের প্রধান বৈশিষ্ট্য হচ্ছে মুনাফা অর্জন। অর্থাৎ মুনাফা অর্জনের লক্ষ্য না থাকলে তাকে ব্যবসায় বলা যাবে না। ২. ব্যবসায়ের সাথে জড়িত পণ্য বা সেবার আর্থিক মূল্য থাকবে। ৩. ব্যবসায়িক লেনদেনে ঝুঁকি বিদ্যমান।

গ উদ্দীপকের মৌমিতার শাড়ির শোরুমটি দেশের ব্যবসায়-বাণিজ্যের আন্তর্জাতিক বাজারে উন্নতিতে বিশেষ ভূমিকা পালন করে।

মুনাফা অর্জনের লক্ষ্যে যাবতীয় বৈধ অর্থনৈতিক কর্মকাণ্ডকে ব্যবসায় বলে। ব্যবসায় সমাজ বা দেশের নানান ক্ষেত্রে অবদান রাখে। এটি দেশের অর্থনৈতিক উন্নতি ঘটায়। এর মাধ্যমে বেকারত্ব হ্রাস পায়। আমদানি-রপ্তানি ব্যবসায় আন্তর্জাতিকভাবে দেশকে পরিচিত করতে সহায়তা করে।

উদ্দীপকে মৌমিতা বিবিএ পাস করে ১টি শাড়ির শোরুম দিয়ে তার ব্যবসায় শুরু করলো। অল্প দিনেই তার শোরুমের শাড়ি জনপ্রিয়তা লাভ করলো। চাহিদা বৃদ্ধির ফলে বিদেশেও মৌমিতা শাড়ি রপ্তানির চিন্তা করলো। আমাদের দেশের সব ব্যবসায় প্রতিষ্ঠান রপ্তানি ব্যবসায়ে নিয়োজিত হতে পারে না। এক্ষেত্রে পণ্যের মান, প্রতিষ্ঠানের দক্ষতা, উৎপাদনক্ষমতা প্রভৃতি বিশেষভাবে বিবেচ্য। এসব বিষয় অতিক্রম করে মৌমিতা শাড়ি রপ্তানির কথা চিন্তা করছে। তাই বলা যায়, মৌমিতার শোরুমটি আন্তর্জাতিক ব্যবসায়ে বিশেষ ভূমিকা রাখছে।

ঘ উদ্দীপকের আলোকে বলা যায়, শাড়ি রপ্তানি করার ক্ষেত্রে ব্যাংক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

আমদানি-রপ্তানির মাধ্যমে আন্তর্জাতিক ব্যবসায় সমাদৃত হয়। এক্ষেত্রে ক্রেতা এবং বিক্রেতা কারও পূর্বপরিচিত নয়। ফলে ব্যাংকের মধ্যস্থতায় ব্যবসায়ের লেনদেন সম্পাদিত হয়। তাই ব্যাংকের গুরুত্ব অপরিসীম।

উদ্দীপকে মৌমিতা শোরুমের মাধ্যমে শাড়ি বিক্রয় করে। ক্রেতাদের মধ্যে জনপ্রিয়তা পাওয়ায় শাড়ির চাহিদা বৃদ্ধি পায়। তাই মৌমিতা তার শোরুমের শাড়ি বিদেশে রপ্তানির চিন্তা করলো। এক্ষেত্রে সে ব্যাংকের শরণাপন্ন হলো।

ব্যাংকের শরণাপন্ন হওয়ার কারণ হলো মৌমিতা বিদেশে যে আমদানিকারকের নিকট শাড়ি বিক্রয় করবে সে পূর্বপরিচিত নয়। ফলে রপ্তানি বাবদ অর্থ ফেরতের ঝুঁকি থাকে। এক্ষেত্রে ব্যাংক অর্থ ফেরতের নিশ্চয়তা দেয়। আবার প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা রপ্তানির কাগজপত্র প্রস্তুতেও ব্যাংক ভূমিকা রাখতে পারে। রপ্তানি সম্প্রসারণেও প্রয়োজনীয় ঋণ প্রদান করতে পারে। এভাবে শাড়ি রপ্তানিতে ব্যাংক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

প্রশ্ন ▶৬ চার্টার্ড একাউন্টেন্সি পাস করার পর জনাব চয়ন রহমান অন্যের অধীনে চাকরি না করে রহমান এন্ড কোং নামে একটি চার্টার্ড একাউন্টেন্সি ফার্ম স্থাপন করেন। নতুন প্রতিষ্ঠান হওয়ায় স্বল্প পরিচিতির কারণে কাজ পাওয়ার ক্ষেত্রে তিনি সমস্যার সম্মুখীন হন। এ অবস্থা থেকে উত্তরণের জন্য তিনি সমাধানের উপায় খুঁজছেন।

*[সামসুল হক খান স্কুল এন্ড কলেজ; নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; ফেনী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়; মধুসূদন তারাপ্রসন্ন বালিকা উচ্চ বিদ্যালয়, যশোর]*

ক. প্রজনন শিল্প কী? ১

খ. গুদামজাতকরণ বাণিজ্যের কী ধরনের প্রতিবন্ধকতা দূর করে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে রহমান এন্ড কোং'-এর ব্যবসায়িক কার্যাবলি ব্যবসায়ের কোন শাখার অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে সমস্যা মোকাবিলায় জনাব চয়ন রহমানের জন্য কোন কাজটি সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে তুমি মনে করো? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৬ নং প্রশ্নের উত্তর**

ক যে শিল্পের উৎপাদিত সামগ্রী পুনরায় উৎপাদনের কাজে ব্যবহৃত হয় তাকে প্রজনন শিল্প বলে।

খ গুদামজাতকরণ বাণিজ্যের কালগত প্রতিবন্ধকতা দূর করে।

পণ্যদ্রব্য বা সেবাসামগ্রী উৎপাদনের পরপরই তা পুরোপুরি বিক্রি হয় না বা বিক্রি করা যায় না। ভবিষ্যতের কোনো একটি নির্দিষ্ট সময়ে বিক্রি করতে হলে প্রয়োজন হয় যথাযথ উপায়ে সংরক্ষণের। এক্ষেত্রে গুদামজাতকরণ ব্যবস্থা উৎপাদন মৌসুমে পণ্যদ্রব্য সংগ্রহ করে সংরক্ষণের মাধ্যমে বছরের অন্যান্য সময়ে সরবরাহ করে ভোক্তাদের চাহিদা পূরণ করে এবং সময়গত প্রতিবন্ধকতা দূর করে।

গ জনাব চয়ন রহমানের প্রতিষ্ঠিত চার্টার্ড একাউন্টেন্সি ফার্মটি ব্যবসায়ের প্রত্যক্ষ সেবার অন্তর্ভুক্ত।

ব্যবসায়ের অন্যতম শাখা হলো প্রত্যক্ষ সেবা। প্রত্যক্ষ সেবার আওতায় সেবা প্রদানের মাধ্যমে মুনাফা অর্জন করা হয়।

জনাব চয়ন রহমানের প্রতিষ্ঠিত চার্টার্ড একাউন্টেন্সি ফার্মটি মুনাফা অর্জনের উদ্দেশ্যে বিভিন্ন প্রতিষ্ঠানের হিসাব নিরীক্ষা করে থাকে এবং তারা প্রয়োজনীয় নিরীক্ষা শেষে প্রতিষ্ঠানকে লাভজনক উপায়ে পরিচালিত করতে সাহায্য করে থাকে। এছাড়া চার্টার্ড একাউন্টেন্সি ফার্ম হিসেবে রহমান এন্ড কোং বিভিন্ন প্রতিষ্ঠানকে তাদের হিসাব সংক্রান্ত নিরীক্ষা বিষয়েও প্রত্যক্ষভাবে নানা পরামর্শ দিয়ে থাকে। এ পরামর্শ প্রদানের বিনিময়ে তিনি অর্থ উপার্জন করেন। অর্থাৎ, সেবা প্রদানের মাধ্যমে জনাব চয়ন রহমান মুনাফা অর্জন করে বলেই তার ফার্মটি প্রত্যক্ষ সেবার আওতাভুক্ত।

ঘ সমস্যা মোকাবিলায় জনাব চয়ন রহমানের জন্য বিজ্ঞাপন ও প্রচার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমি মনে করি।

বিজ্ঞাপন পণ্য বা সেবার জ্ঞানসংক্রান্ত প্রতিবন্ধকতা দূর করে। বিজ্ঞাপন ও প্রচার যত বেশি হয়, পণ্যের প্রসারও তত বৃদ্ধি পায়।

rajib

Scanned with CamScanner

রহমান এন্ড কোং একটি নতুন চার্টার্ড একাউন্টেন্সি ফার্ম। নতুন প্রতিষ্ঠান হওয়ায় অনেকেই নিরীক্ষা ফার্মটি সম্পর্কে জানে না। যার ফলে কাজ পাওয়ার ক্ষেত্রে বহুবিধ সমস্যায় পড়তে হয়। তাই রহমান এন্ড কোং-কে তাদের সমস্যা মোকাবিলার জন্য প্রতিষ্ঠানের বিজ্ঞাপন ও প্রচার চালানো উচিত। বিজ্ঞাপন ও প্রচারের মাধ্যমে নতুন এ ফার্মটি সম্পর্কে মানুষ বা বিভিন্ন প্রতিষ্ঠান জানতে পারবে। তাই যথাযথ বিজ্ঞাপন ও প্রচার হলেই রহমান এন্ড কোং-এর কাজ পাওয়া সংক্রান্ত যাবতীয় সমস্যা সহজেই সমাধান হয়ে যাবে। এর ফলে প্রতিষ্ঠানটি সহজেই তার ব্যবসায় সম্প্রসারণ করতে সক্ষম হবে।

**প্রশ্ন ▶ ৭** রূপগঞ্জের গ্রামগুলোতে এখন প্রায় হাজার দেড়েক তাঁতি পরিবার আছে। এ শিল্পের সঙ্গে জড়িয়ে আছে পঞ্চাশ হাজারেরও বেশি মানুষ। কিন্তু ক্রমান্বয়ে এ সংখ্যা কমছে। এ শিল্পকে ঘিরে রয়েছে ব্যাপক সম্ভাবনা। প্রতি বছর জামদানি শিল্প এলাকা হতে ৫০-৬০ কোটি টাকার জামদানি রপ্তানি করা যায়। বর্তমানে ব্যবসায়িক পরিবেশের উপাদানগুলোর উন্নয়ন ঘটাতে পারলে ব্যবসায় বাণিজ্যের প্রসার ঘটবে ও অতীতের গৌরব ধরে রাখা যাবে। *[হলি ক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা]*

ক. ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী? ১

খ. বাণিজ্য বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. জামদানি শিল্পের তাঁতি পরিবারের সৃজনশীলতা ও প্রতিযোগিতায় টিকে থাকার জন্য কোন পরিবেশের উন্নয়নের প্রয়োজন? বর্ণনা করো। ৩

ঘ. বর্তমানে দেশের ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটাতে ও অতীত গৌরব ধরে রাখার জন্য উদ্দীপকে উল্লিখিত কোন পরিবেশের উন্নয়ন জরুরি বলে তুমি মনে করো? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

### ৭ নং প্রশ্নের উত্তর

**ক** ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য মুনাফা অর্জন করা।

**খ** উৎপাদিত পণ্য বা সেবার বণ্টন সংক্রান্ত সকল কার্যক্রমই হলো বাণিজ্য।
বাণিজ্য ব্যবসায়ের পণ্য বণ্টনকারী শাখা। উৎপাদিত পণ্য বা সেবা ভোক্তার দ্বারপ্রান্তে পৌঁছানোর যাবতীয় প্রয়াস বা কার্যকলাপ নিয়ে বাণিজ্য সৃষ্টি হয়। এসব উপযোগ সৃষ্টির মাধ্যমে বাণিজ্য শিল্পের উৎপাদিত পণ্য জনগণের নিকট পৌঁছে দেয়।

**গ** জামদানি শিল্পের তাঁতি পরিবারদের সৃজনশীলতা ও প্রতিযোগিতায় টিকে থাকার জন্য প্রযুক্তিগত পরিবেশের উন্নয়ন প্রয়োজন।
প্রযুক্তি শিক্ষা, কারিগরি দক্ষতা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রভৃতির সমন্বয়ে প্রযুক্তিগত পরিবেশ গঠিত। উন্নত কারিগরি শিক্ষার মাধ্যমে কর্মীরা দক্ষ হয়। উন্নত প্রযুক্তি ব্যবহারে প্রতিষ্ঠানের উৎপাদন বৃদ্ধি পায়। এতে প্রতিযোগিতা মোকাবিলাও সহজ হয়।
রূপগঞ্জের গ্রামগুলোতে প্রায় হাজার দেড়েক তাঁতি পরিবার আছে। এ শিল্পে নিয়োজিত আছে ৫০ হাজারেরও বেশি মানুষ। প্রতি বছর এ জামদানি শিল্প এলাকা হতে ৫০-৬০ কোটি টাকার জামদানি রপ্তানি করা হয়। কিন্তু প্রতিযোগিতায় টিকে থাকতে না পেরে এ সংখ্যা কমছে। তাই তাঁতিদের উন্নত কারিগরি জ্ঞান প্রদানের জন্য প্রযুক্তির উন্নয়ন ঘটাতে হবে। তারা যেন দক্ষভাবে ও অধিক জামদানি তৈরি করতে পারে সেজন্য প্রযুক্তির সমন্বয় করতে হবে। এভাবেই প্রযুক্তিগত পরিবেশ তাঁতিদের সৃজনশীলতা বৃদ্ধি ও প্রতিযোগিতায় টিকে থাকতে সহায়তা করবে।

**ঘ** বর্তমানে দেশের ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটাতে ও অতীত গৌরব ধরে রাখার জন্য সামাজিক পরিবেশের উন্নয়ন জরুরি বলে আমি মনে করি।
জাতি, ধর্মীয় বিশ্বাস, শিক্ষা, ঐতিহ্য, সংস্কৃতি প্রভৃতির সমন্বয়ে সামাজিক পরিবেশ গঠিত। অতীতকাল থেকেই আমাদের দেশে অনুকূল সামাজিক পরিবেশ বিদ্যমান। তাই ভবিষ্যৎ প্রজন্মকে শিল্প বাণিজ্য ও গবেষণায় উন্নয়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া উচিত।
রূপগঞ্জের তাঁত শিল্পের কথা বলা হয়েছে। তাঁত শিল্পের জামদানি এলাকা হতে ৫০-৬০ কোনো টাকার জামদানি রপ্তানি করা হয়। তবে বর্তমানে তাঁতি সংখ্যা শুধুই কমছে। তাই এ ক্ষেত্রটির উন্নয়ন প্রয়োজন।
জামদানির ঐতিহ্য ধরে রাখার জন্য শ্রমিকদের দক্ষ ও শ্রমনির্ভর করতে হবে। সরকারিভাবেও সাহায্য-সহযোগিতা প্রদান করতে হবে। তাঁতিদের সমস্যা সমাধানে প্রশিক্ষণ, অর্থসংস্থানের ব্যবস্থা করতে হবে ফলে ব্যবসায়ে সম্প্রসারণও ঘটবে। এভাবেই ঐতিহ্য রক্ষা পাবে, যা সামাজিক পরিবেশের আওতাভুক্ত। অর্থাৎ সামাজিক পরিবেশের উন্নয়নেই ব্যবসায় প্রসার ও অতীত গৌরব ধরে রাখা সম্ভব।

**প্রশ্ন ▶ ৮** ডা. ইমন একজন স্বনামধন্য ডাক্তার। তিনি কয়েকজন অংশীদার নিয়ে আধুনিক যন্ত্রপাতি সংস্থাপন করে একটি হাসপাতাল প্রতিষ্ঠা করেছেন। তার প্রতিষ্ঠিত হাসপাতালটি অল্প দিনের মধ্যেই বেশ লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। তিনি সমাজের অসহায় গরিব রোগীদের কথা ভেবে ফ্রি চিকিৎসা প্রদানের জন্য একটি দাতব্য প্রতিষ্ঠানও স্থাপন করেছেন। *[বি এন কলেজ, ঢাকা; নারায়ণগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; চট্টগ্রাম সিটি কর্পোরেশন আন্তঃবিদ্যালয়; সিরোইল সরকারি উচ্চ বিদ্যালয়, রাজশাহী]*

ক. প্রত্যক্ষ সেবা কী? ১

খ. অর্থনৈতিক কর্মকাণ্ডের উদ্ভব হয় কেন? ২

গ. ডা. ইমনের প্রতিষ্ঠিত হাসপাতালটি কোন ধরনের ব্যবসায়ের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'ডা. ইমনের প্রতিষ্ঠিত দাতব্য প্রতিষ্ঠানটি কেবলমাত্র মানব কল্যাণমূলক প্রতিষ্ঠান'— উক্তিটি সম্বন্ধে তোমার মতামত ব্যক্ত করো। ৪

### ৮ নং প্রশ্নের উত্তর

**ক** স্বাধীন পেশায় নিয়োজিত পেশাজীবীরা যেসব সেবাকর্ম প্রদানের বিনিময়ে অর্থ উপার্জন করেন তাকে প্রত্যক্ষ সেবা বলে।

**খ** অভাব পূরণের লক্ষ্যেই বিভিন্ন অর্থনৈতিক কর্মকাণ্ডের উদ্ভব হয়।
ব্যবসায়ের উৎপত্তির মূলে ছিল মানুষের অভাববোধ। পরবর্তীতে মানুষের চাহিদা বৃদ্ধির সাথে সাথে নতুন নতুন বিষয়ের বা বস্তুর অভাব দেখা দেয়। এ অভাব পূরণের উদ্দেশ্যে মানুষ নতুন নতুন অর্থনৈতিক কার্যক্রম বা বিষয়াবলির আবির্ভাব ঘটায়। অর্থাৎ মানুষের অভাব পূরণের লক্ষ্যেই অর্থনৈতিক কর্মকাণ্ডের উদ্ভব হয়।

**গ** ডা. ইমনের প্রতিষ্ঠিত হাসপাতালটি প্রত্যক্ষ সেবার অন্তর্গত।
অর্থ উপার্জনের উদ্দেশ্যে স্বাধীন পেশায় নিয়োজিত হয়ে প্রত্যক্ষভাবে বিভিন্ন রকম সেবাকর্ম বিক্রি করাকে প্রত্যক্ষ সেবা বলে। সেবাকর্ম প্রত্যক্ষ সেবা হিসেবে পরিচিত।
ডা. ইমনের প্রতিষ্ঠিত হাসপাতালে অনেক ডাক্তার, নার্স সেবা প্রদান করে অর্থ উপার্জন করে থাকেন। জনগণের স্বাস্থ্যসেবা প্রদানের বিনিময়ে বৈধভাবে মুনাফা অর্জন করাই এ প্রতিষ্ঠানের উদ্দেশ্য। সেবা প্রদানের মাধ্যমে জনকল্যাণের পাশাপাশি ডা. ইমনও মুনাফা অর্জন করছেন। তাই এটি একটি প্রত্যক্ষ সেবা প্রদানকারী ব্যবসায় প্রতিষ্ঠান।

**ঘ** 'ডা. ইমনের প্রতিষ্ঠিত দাতব্য প্রতিষ্ঠানটি কেবলমাত্র মানব কল্যাণমূলক প্রতিষ্ঠান'— উক্তিটির সাথে আমি একমত।
মুনাফা অর্জনের জন্য বৈধভাবে পরিচালিত অর্থনৈতিক কর্মকাণ্ড হলো ব্যবসায়। মুনাফা অর্জন প্রধান উদ্দেশ্য না হলে কোনো কাজ ব্যবসায়ে অন্তর্ভুক্ত হবে না।

rajib

Scanned with CamScanner

ডা. ইমন কর্তৃক প্রতিষ্ঠিত দাতব্য প্রতিষ্ঠানে গরিব, অসহায় মানুষের ফ্রি চিকিৎসা দেয়া হয়। অর্থাৎ অর্থ উপার্জনের উদ্দেশ্যে এটি পরিচালিত হয় না। মানবতার কল্যাণসাধনই দাতব্য প্রতিষ্ঠানটির একমাত্র উদ্দেশ্য। প্রতিষ্ঠানটি সেবা প্রদানের বিনিময়ে কোনো অর্থ গ্রহণ করে না।

ডা. ইমনের প্রতিষ্ঠিত এ দাতব্য প্রতিষ্ঠানটি সমাজ ও রাষ্ট্রের সেবার জন্য প্রতিষ্ঠিত। সেবাই এ প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য। তাই মুনাফা অর্জন উদ্দেশ্য না হওয়ায় তার প্রতিষ্ঠিত দাতব্য প্রতিষ্ঠানটি নিঃসন্দেহে একটি মানবকল্যাণমূলক প্রতিষ্ঠান।

**প্রশ্ন ▶ ৯** (i) বীজ ⟶ চারাগাছ

(ii) মাছের ডিম ⟶ মাছের পোনা

*[ঘাটাইল ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, টাঙ্গাইল; চাঁচাইতারা মাদলা যুক্ত উচ্চ বিদ্যালয়, বগুড়া; বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট]*

ক. সাধারণভাবে ব্যবসায় কী? ১

খ. 'ব্যবসায় টু ব্যবসায়' কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের বিষয়টি কোন প্রকার শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে প্রদত্ত বিষয়টি পরবর্তী কার্যক্রমের জন্য বাণিজ্যের কোন উপাদানটি বেশি প্রযোজ্য হবে? যুক্তিসহ মতামত দাও। ৪

### ৯ নং প্রশ্নের উত্তর

**ক** সাধারণভাবে ব্যবসায় হলো মুনাফা অর্জনের লক্ষ্যে পরিচালিত অর্থনৈতিক কর্মকাণ্ড।

**খ** ব্যবসায়ের একটি মডেল হলো বিটুবি বা ব্যবসায় টু ব্যবসায়।

যখন একটি ব্যবসায় প্রতিষ্ঠানের সাথে অন্য একটি ব্যবসায় প্রতিষ্ঠানের ব্যবসায়িক সম্পর্ক বা লেনদেন সংঘটিত হয় তখন তাকে ব্যবসায় টু ব্যবসায় বলা হয়। এক্ষেত্রে দুজনের মধ্যেই ব্যবসায়িক স্বার্থ বিদ্যমান থাকে। অর্থাৎ ক্রেতা এবং বিক্রেতা উভয়ই একত্রে ব্যবসায়ী। যেমন- কাগজ কলের মালিক এবং সংবাদপত্রের মালিকের মধ্যে বিটুবি সম্পর্ক বিদ্যমান।

**গ** উদ্দীপকের বিষয়টি প্রজনন শিল্পের অন্তর্গত।

যে শিল্পে উৎপাদিত সামগ্রী পুনরায় সৃষ্টি বা উৎপাদনের কাজে ব্যবহৃত হয় তাকে প্রজনন শিল্প বলে।

উদ্দীপকে বীজ থেকে চারাগাছ এবং মাছের ডিম থেকে মাছের পোনা উৎপাদনের কথা বলা হয়েছে। বীজ থেকে চারাগাছ উৎপাদন নার্সারির অন্তর্গত এবং এ চারাগাছ রোপণের মাধ্যমে বড় গাছ, বড় গাছ থেকে বীজ এবং পুনরায় চারা পাওয়া যাবে। অন্যদিকে, মাছের ডিম থেকে মাছের পোনা উৎপাদন করা হয়েছে। এ পোনা বড় হয়ে ডিম দেবে এবং এ ডিম পুনরায় পোনা উৎপাদনে ব্যবহৃত হবে। সুতরাং, উদ্দীপকের শিল্প দুটি পুনরায় সৃষ্টি বা উৎপাদনের কাজে ব্যবহৃত হওয়ায় নিঃসন্দেহে প্রজনন শিল্পের অন্তর্গত।

**ঘ** উদ্দীপকে প্রদত্ত প্রজনন শিল্পটির পরবর্তী কার্যক্রমের জন্য বাণিজ্যের 'পরিবহন' উপাদানটি বেশি প্রযোজ্য হবে।

পণ্য বা সেবাসামগ্রীর বণ্টনকারী শাখা হলো বাণিজ্য। উৎপাদিত পণ্য বা সেবাসামগ্রী ভোক্তার নিকট পৌঁছাতে বিভিন্ন বাণিজ্যিক কার্যাবলি প্রয়োজন। এর মধ্যে পরিবহন অন্যতম।

উদ্দীপকে নার্সারি ও হ্যাচারির কথা বলা হয়েছে যেগুলো প্রজনন শিল্পের অন্তর্গত। নার্সারিতে চারাগাছ উৎপাদন করা হয় এবং হ্যাচারিতে মাছের পোনা উৎপাদিত হয়। এ উৎপাদিত চারা এবং মাছের পোনা যদি ভোক্তাদের নিকট না পৌঁছানো হয়, তাহলে উৎপাদন নিরর্থক হবে। পরিবহনের মাধ্যমে উৎপাদিত চারা এবং পোনা বাজারজাতকরণ করা যাবে।

পরিবহন বাণিজ্যের অন্যতম উপাদান, যেটি স্থানগত বাধা দূর করে স্থানগত উপযোগ সৃষ্টি করে। উৎপাদনের স্থল এবং ভোগের স্থলের মধ্যে যে স্থানগত বাধা সেটি পরিবহনের মাধ্যমে দূর করা যায়। উদ্দীপকে মাছের পোনা এবং গাছের চারা উৎপাদনের পর সেটি বণ্টনের জন্য বাণিজ্যের অন্যতম উপাদান পরিবহন আবশ্যক।

**প্রশ্ন ▶ ১০** অভাবের কারণে মঞ্জু পড়াশোনা করেনি। তাই নিজেদের একটি অনাবাদি পুকুর সংস্কার করে মাছের রেণু ছেড়েছে। তাছাড়া এনজিও থেকে ঋণ নিয়ে একটি মুরগির খামার গড়ে তুলেছে। কিন্তু হঠাৎ রোগে অনেক মুরগি মারা যাওয়ায় সে ব্যবসায় নিয়ে চিন্তিত। তার পরিচিত এক পশুপালন কর্মকর্তা তাকে প্রশিক্ষণ নেয়ার জন্য পরামর্শ দিলেন। *[জামালপুর জিলা স্কুল]*

ক. ব্যবসায়ের অর্থগত বাধা কীসের মাধ্যমে দূর করা যায়? ১

খ. প্রযুক্তিগত পরিবেশের উপাদান ব্যাখ্যা করো। ২

গ. মঞ্জুর শিল্পটি কোন ধরনের তা ব্যাখ্যা করো। ৩

ঘ. মঞ্জুর চিন্তার সাথে ব্যবসায়ের কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে তা বিশ্লেষণ করো। ৪

### ১০ নং প্রশ্নের উত্তর

**ক** ব্যাংকিং-এর মাধ্যমে ব্যবসায়ের অর্থগত বাধা দূর করা যায়।

**খ** প্রযুক্তিগত উপাদানসমূহ নিয়ে প্রযুক্তিগত পরিবেশ গঠিত।

প্রযুক্তি শিক্ষা, কারিগরি দক্ষতা, উন্নত প্রযুক্তিনির্ভর প্রতিষ্ঠান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি হলো প্রযুক্তিগত পরিবেশের উপাদান। এসব উপাদান ব্যবসায়ে দক্ষতাসম্পন্ন কর্মী তৈরি, উন্নত যন্ত্রপাতির ব্যবহার, উৎপাদন বৃদ্ধি প্রভৃতি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ প্রভাব রাখে। এজন্য প্রযুক্তির উন্নয়নের সাথে সাথে ব্যবসা-বাণিজ্যেরও উন্নয়ন ঘটে।

**গ** মঞ্জুর শিল্পটি প্রজনন শিল্পের আওতাভুক্ত।

যে শিল্পে উৎপাদিত সামগ্রী পুনরায় সৃষ্টি বা উৎপাদনের কাজে ব্যবহৃত হয় তাকে প্রজনন শিল্প বলে। এতে প্রকৃতি প্রদত্ত সম্পদ আহরণ এবং পরবর্তীতে মানুষের ব্যবহার উপযোগী পণ্যে পরিণত করা হয়।

অভাবের কারণে মঞ্জু পড়াশোনা করেনি। তাই নিজেদের একটি অনাবাদি পুকুর সংস্কার করে মাছের রেণু ছেড়েছে। মঞ্জুর মাছের রেণু উপযুক্ত পরিচর্যার মাধ্যমে এক সময় বড় আকারের মাছ হয়, যা পরবর্তীতে মানুষের খাওয়ার উপযোগী হয়। আবার মঞ্জু এনজিও থেকে ঋণ নিয়ে একটি মুরগির খামারও গড়ে তুলেছে। এ খামার হতে সে মুরগির ডিম উৎপাদন করে এবং পরবর্তীতে তা মানুষের ব্যবহার বা ভোগের উপযোগিতা সৃষ্টি করে। অর্থাৎ দেখা যায়, দুটি ব্যবসায়েই উৎপাদিত পণ্য পুনরায় সৃষ্টি বা উৎপাদনের কাজে ব্যবহৃত হয়, যা প্রজনন শিল্পের সাথে সংশ্লিষ্ট।

**ঘ** মঞ্জুর চিন্তার সাথে ব্যবসায়ের ঝুঁকির সম্পর্ক বৈশিষ্ট্যটি ফুটে উঠেছে।

ব্যবসায়ে প্রত্যাশিত মুনাফা অর্জনের অনিশ্চয়তাই হলো ঝুঁকি। শুধু লাভজনকভাবে একজন ব্যবসায়ী ব্যবসায় পরিচালনা করতে পারে না। সময়, অবস্থা, প্রতিযোগিতার ভিত্তিতে তাকে অনিশ্চিত ঝুঁকি বিবেচনাপূর্বক ব্যবসায় পরিচালনা করতে হয়।

মঞ্জু এনজিও থেকে ঋণ নিয়ে একটি মুরগির খামার গড়ে তুলেছে। কিন্তু হঠাৎ রোগে অনেক মুরগি মারা যাওয়ায় সে ব্যবসায় নিয়ে চিন্তিত। অর্থাৎ মঞ্জুর মুরগির ব্যবসায় এখন অনিশ্চয়তার মধ্যে রয়েছে। অনেক মুরগি মারা যাওয়ায় সে এখন লোকসানের সম্মুখীন হয়েছে।

এ লোকসান মোকাবিলায় পূর্বপ্রস্তুতি দরকার, যা মঞ্জু পরবর্তীতে এক পশুপালন কর্মকর্তার সঙ্গে পরামর্শের মাধ্যমে গ্রহণ করেছে। এছাড়াও বাজার প্রতিযোগিতা, মূল্য হ্রাসের কারণে মঞ্জুর খামার ব্যবসায় ঝুঁকির মধ্যে পড়তে পারে। এ ঝুঁকিই মঞ্জুর ব্যবসায়ের একমাত্র চিন্তা।

rajib

Scanned with CamScanner

**প্রশ্ন ▶১১** আঁখিতারা গ্রামের দশম শ্রেণির ছাত্র নাফিসের বাবা গ্রামের প্রশিক্ষণপ্রাপ্ত একজন পল্লি চিকিৎসক। চিকিৎসার পাশাপাশি তিনি মানসম্মত ঔষধও বিক্রি করেন। গ্রামে বিভিন্ন রোগের ঔষধের ব্যাপক চাহিদা থাকা সত্ত্বেও কিছু সীমাবদ্ধতার কারণে তিনি সব ধরনের ঔষধ ক্রয় করতে পারেন না। সুষ্ঠু যোগাযোগ ব্যবস্থার অভাবে ঔষধ কোম্পানির এজেন্টরাও প্রয়োজনীয় ঔষধ সময়মতো পৌঁছাতে পারেন না। অন্যদিকে দোকানে সংরক্ষণের সু-ব্যবস্থা না থাকায় অনেক ঔষধ নষ্ট হয়ে যায়। *[রাজবাড়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]*

ক. ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী? ১
খ. শিল্প বলতে কী বোঝায়? উদাহরণ দাও। ২
গ. নাফিসের বাবার ব্যবসায়টি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. নাফিসের বাবার পক্ষে এলাকাবাসীর চাহিদামাফিক ঔষধ সরবরাহ করতে না পারার প্রধান কারণ কোনটি বলে তুমি মনে করো? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

## ১১ নং প্রশ্নের উত্তর

**ক** ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য হলো মুনাফা অর্জন করা।

**খ** শিল্প হলো উৎপাদনের বাহন।
যে প্রক্রিয়ায় প্রাকৃতিক সম্পদ আহরণ, কাঁচামালে রূপদান এবং প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে কাঁচামালকে মানুষের ব্যবহার উপযোগী পণ্যে পরিণত করা হয় তাকে শিল্প বলে। নার্সারি, মৎস্য চাষ, সেতু নির্মাণ, ব্যাংকিং ও স্বাস্থ্যসেবা শিল্পের অন্যতম উদাহরণ।

**গ** নাফিসের বাবার ব্যবসায়টি একটি প্রত্যক্ষ সেবামূলক ব্যবসায়।
অর্থ উপার্জনের উদ্দেশ্যে পেশাদার বিশেষজ্ঞরা যেসব সেবামূলক কার্যাবলি সম্পাদন করে মুনাফা অর্জন করে তাকে প্রত্যক্ষ সেবা বলে।
নাফিসের বাবা একজন পল্লি চিকিৎসক হিসেবে অর্থের বিনিময়ে এলাকার মানুষদের চিকিৎসা প্রদান করে থাকেন। তিনি রোগীর রোগ নির্ণয় করে ঔষধ সরবরাহ করেন। এর মাধ্যমে একদিকে তিনি অর্থ উপার্জন করছেন, অন্যদিকে জনগণের সেবা করছেন। এছাড়া তিনি মুনাফা অর্জনের উদ্দেশ্যেই একজন পল্লি চিকিৎসক হিসেবে মানসম্মত ঔষধ বিক্রি করে থাকেন। অর্থাৎ নাফিসের বাবা অর্থের বিনিময়ে সেবা প্রদান করে মুনাফা অর্জন করেন, যা প্রত্যক্ষ সেবা নামে পরিচিত।

**ঘ** আমি মনে করি নাফিসের বাবার পক্ষে এলাকাবাসীর চাহিদামাফিক ঔষধ সরবরাহ করতে না পারার প্রধান কারণ সুষ্ঠু যোগাযোগের অভাব।
ব্যবসায়ে পরিবহন বলতে পণ্যসামগ্রী এক স্থান থেকে অন্য স্থানে পৌঁছানোকে বোঝায়। সুষ্ঠুভাবে পণ্য বা সেবা ভোক্তার নিকট পৌঁছাতে না পারলে ব্যবসায় সাফল্য ব্যাহত হয়।
নাফিসের বাবা একজন পল্লি চিকিৎসক হিসেবে আঁখিতারা গ্রামে চিকিৎসা পেশায় নিয়োজিত। আঁখিতারা গ্রামের যোগাযোগ ব্যবস্থা উন্নত না হওয়ার কারণে ঔষধ কোম্পানির এজেন্টরা সময়মতো নাফিসের বাবাকে ঔষধ সরবরাহ করতে পারেন না। রাস্তা-ঘাট অনুন্নত হওয়ার ফলে ঔষধ শেষ হয়ে গেলেও তিনি সহজে ঔষধ সংগ্রহ করতে পারেন না।
সংগ্রহ ও সরবরাহ ব্যবসায়ের ক্ষেত্রে খুবই পরিচিত নাম। নাফিসের বাবা যেখানে ঔষধ সংগ্রহ করতে পারছে না, সেখানে ক্রেতাদের ঔষধ সরবরাহ করাটা কঠিন। যাতায়াত সমস্যাই এর প্রধান কারণ। তাছাড়া কিছু কিছু ঔষধ বিশেষভাবে সংরক্ষণ করতে হয়, যা না করতে পারার কারণেও ঔষধ সরবরাহ করা সম্ভব হয় না। তাই বলা যায়, অন্যান্য কারণ থাকলেও মূলত সুষ্ঠু যোগাযোগ ব্যবস্থার অভাবেই নাফিসের বাবার পক্ষে এলাকাবাসীর চাহিদামাফিক ঔষধ সরবরাহ করা সম্ভব হয় না।

**প্রশ্ন ▶১২** জনাব নুরুল ইসলাম বিদেশ থেকে ফিরে সাতক্ষীরায় তার গ্রামে একটি মুরগির ফার্ম দিয়ে এলাকায় একজন সফল ব্যবসায়ী হিসেবে পরিচিতি লাভ করেন। তিনি মুরগির ডিম সাতক্ষীরা ছাড়াও খুলনায় বিক্রয় করে সুনাম অর্জন করতে চান। কিন্তু খুলনার সাথে সাতক্ষীরার যোগাযোগ ব্যবস্থা ভালো না হওয়ায় তিনি তা করতে পারছেন না। *[রাজবাড়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]*

ক. উৎপাদনের বাহন কোনটি? ১
খ. ব্যবসায়ের পণ্য বণ্টনকারী শাখা কোনটি? ব্যাখ্যা করো। ২
গ. জনাব নুরুল ইসলামের শিল্পটির ধরন বর্ণনা করো। ৩
ঘ. কোন ধরনের শিল্পের অভাবে নুরুল ইসলাম প্রচুর মুনাফা অর্জন করতে পারছেন না? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

## ১২ নং প্রশ্নের উত্তর

**ক** উৎপাদনের বাহন হলো শিল্প।

**খ** ব্যবসায়ের পণ্য বণ্টনকারী শাখা হলো বাণিজ্য।
উৎপাদক কর্তৃক পণ্য উৎপাদন করার পর তা ভোক্তাদের কাছে পৌঁছানো পর্যন্ত সকল কাজ বাণিজ্য বা পণ্য বণ্টনের সাথে জড়িত। পণ্য বণ্টনের ক্ষেত্রে পণ্য ভোক্তার হাতে পৌঁছানো পর্যন্ত যে সকল বাধার সৃষ্টি হয় তা বাণিজ্যের বিভিন্ন কাজের মাধ্যমে দূরীভূত হয়।

**গ** জনাব নুরুল ইসলামের শিল্পটি হলো প্রজনন শিল্প।
যে শিল্পে উৎপাদিত সামগ্রী পুনরায় সৃষ্টি বা উৎপাদনের কাজে ব্যবহৃত হয় তাকে প্রজনন শিল্প বলে।
জনাব নুরুল ইসলাম বিদেশ থেকে ফিরে সাতক্ষীরায় তার গ্রামে একটি মুরগির ফার্ম দিয়ে এলাকায় সফল ব্যবসায়ী হিসেবে পরিচিতি লাভ করেন। জনাব নুরুল ইসলাম তার ফার্মে মুরগিকে পুনরায় উৎপাদন কাজে ব্যবহার করেন অর্থাৎ মুরগিকে লালন-পালনের মাধ্যমে মুরগি থেকে ডিম উৎপাদন করেন। এ ডিম থেকে আবার বাচ্চা উৎপাদন করা হয়। যেহেতু জনাব নুরুলের ফার্মে মুরগিকে পুনরায় উৎপাদন কার্যে ব্যবহার করা হয় সেহেতু বলা যায় জনাব নুরুল ইসলামের শিল্পটি হলো প্রজনন শিল্প।

**ঘ** জনাব নুরুল ইসলাম নির্মাণ শিল্পের অভাবে প্রচুর মুনাফা অর্জন করতে পারছেন না।
যে শিল্পের মাধ্যমে রাস্তা-ঘাট, সেতু ইত্যাদি নির্মাণ করা হয় তাকে নির্মাণ শিল্প বলে। নির্মাণ শিল্প উন্নত হলে ব্যবসা-বাণিজ্যও সহজ হয়।
জনাব নুরুল ইসলাম তার প্রজনন শিল্প তথা মুরগির ফার্মে প্রচুর পরিমাণ ডিম উৎপাদন করতে সক্ষম হন। তিনি তার ফার্মের উৎপাদন ক্ষমতার পরিপূর্ণ ব্যবহার করতে চান। তাই উৎপাদিত ডিম সাতক্ষীরা ছাড়াও খুলনায় বিক্রয় করে অধিক মুনাফা অর্জন করতে চান।
খুলনার সাথে সাতক্ষীরার যোগাযোগ ব্যবস্থা ভালো না হওয়ায় অর্থাৎ রাস্তা-ঘাট ভালো না হওয়ায় তিনি উৎপাদিত ডিম বিক্রি করে মুনাফা অর্জন করতে পারছেন না। রাস্তা-ঘাট উন্নত হলে তিনি সহজেই ডিম সরবরাহ করতে পারতেন। এসব রাস্তা-ঘাট, সেতু যেহেতু নির্মাণ শিল্পের আওতাভুক্ত তাই বলা যায়, জনাব নুরুল ইসলাম নির্মাণ শিল্পের অভাবে মুনাফা অর্জন করতে পারছেন না।

**প্রশ্ন ▶১৩** লেখাপড়া শেষ করে জনাব আসাদ ঢাকার মিরপুরে একটি মনিহারি দোকান দেন। কিন্তু ব্যবসায়ের শুরুতেই তিনি অর্থ সংকটে পড়েন। এমতাবস্থায় তিনি একটি আর্থিক প্রতিষ্ঠানের সাথে পরামর্শ করে সমস্যা সমাধান করেন। *[সরকারী পি.এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী; ন্যাচারাল গ্যাস ফার্টিলাইজার ফ্যাক্টরী স্কুল, সিলেট]*

ক. পরিবেশ সংরক্ষণ আইন কোন পরিবেশের উপাদান? ১
খ. প্রযুক্তিগত পরিবেশ বলতে কী বোঝ? ২
গ. জনাব আসাদ ব্যবসায়ের সংকট নিরসনে যেসব পদক্ষেপ গ্রহণ করেছেন তা বর্ণনা করো। ৩
ঘ. জনাব আসাদের ব্যবসায় স্থাপনের ফলে কোন ধরনের অর্থনৈতিক উদ্দেশ্য সাধিত হয়েছে বলে তুমি মনে করো? ৪

rajib
Scanned with CamScanner

## ১৩ নং প্রশ্নের উত্তর

**ক** পরিবেশ সংরক্ষণ আইন হলো আইনগত পরিবেশের উপাদান।

**খ** প্রযুক্তিগত উপাদানসমূহ নিয়ে প্রযুক্তিগত পরিবেশ গঠিত।

প্রযুক্তি শিক্ষা, কারিগরি দক্ষতা, উন্নত প্রযুক্তিনির্ভর প্রতিষ্ঠান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি হলো প্রযুক্তিগত পরিবেশের উপাদান। এসব উপাদান ব্যবসায়ে দক্ষতাসম্পন্ন কর্মী তৈরি, উন্নত যন্ত্রপাতির ব্যবহার, উৎপাদন বৃদ্ধি প্রভৃতি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ প্রভাব রাখে। এজন্য প্রযুক্তির উন্নয়নের সাথে সাথে ব্যবসা-বাণিজ্যেরও উন্নয়ন ঘটে।

**গ** উদ্দীপকে জনাব আসাদ ব্যবসায়ের সংকট নিরসনে আর্থিক প্রতিষ্ঠানের সহায়তা নিয়েছেন।

বাণিজ্য ব্যবসায়ের পণ্য বণ্টনকারীর শাখা। এর বিভিন্ন উপাদান বিদ্যমান। পণ্য বিনিময়, পরিবহন, গুদামজাতকরণ, ব্যাংকিং, বিমা, বিজ্ঞাপন প্রভৃতি বাণিজ্যের উপাদান। এদের মধ্যে ব্যাংকিং উপাদানটি অর্থ সংক্রান্ত বাধা দূর করে। ফলে ব্যবসায়ের ধারাবাহিকতা রক্ষা হয়।

উদ্দীপকে জনাব আসাদ ঢাকার মিরপুরে একটি মনিহারি দোকান নেন। কিন্তু ব্যবসায়ের শুরুতেই তিনি অর্থ সংকটে পড়েন। এমতাবস্থায় তিনি একটি আর্থিক প্রতিষ্ঠানের সাথে পরামর্শ করে সমস্যা সমাধান করেন। কারণ জনাব আসাদের মূল সমস্যা অর্থ সংক্রান্ত। ব্যাংক ব্যবসায়ীদের ব্যবসায়িক পরামর্শ ও ঋণ প্রদান করে থাকে। এতে ব্যবসায়ের স্বাভাবিক কার্যক্রম চলমান থাকে। এ কাজটি বাণিজ্যের ব্যাংকিং উপাদানের মাধ্যমে ঘটে। এভাবে জনাব আসাদ বাণিজ্যের ব্যাংকিং উপাদান দ্বারা ব্যবসায়ের সংকট নিরসন করেন।

**ঘ** উদ্দীপকের আলোকে বলা যায়, জনাব আসাদের ব্যবসায় স্থাপনের ফলে মুনাফা অর্জনে অর্থনৈতিক উদ্দেশ্য সাধিত হয়েছে বলে আমি মনে করি।

ব্যবসায়ের মূল উদ্দেশ্য মুনাফা অর্জন। এটি ব্যবসায়ের প্রধান অর্থনৈতিক উদ্দেশ্য হিসেবেও পরিচিত। ব্যবসায় স্থাপনের মাধ্যমে ব্যবসায়ী মুনাফা অর্জনে নিয়োজিত হয়। এ উদ্দেশ্য অর্জনে ব্যবসায়ী ব্যবসায়ে নানান পদক্ষেপ গ্রহণ, সম্প্রসারণ, লেনদেনমূলক কার্যক্রম সম্পাদন করে।

উদ্দীপকে জনাব আসাদ লেখাপড়া শেষ করেছেন। তিনি ঢাকার মিরপুরে একটি মনিহারি দোকান স্থাপন করেছেন। কিন্তু ব্যবসায়ের শুরুতেই আর্থিক সংকটে পড়ায় ব্যাংকের সহায়তা নেন। ফলে ব্যবসায়ের স্বাভাবিক কার্যক্রম পরিচালনা করতে সক্ষম হয়েছেন।

জনাব আসাদ তার মনিহারি দোকানের জন্য গৃহীত পদক্ষেপের কারণ হলো মুনাফা অর্জন। এ উদ্দেশ্যেই তিনি দোকান স্থাপনে ব্যাংক ঋণ গ্রহণ করেছেন। অর্জিত মুনাফার মাধ্যমে তিনি আর্থিক সমৃদ্ধি অর্জন ও ব্যাংক ঋণ পরিশোধ করবেন। এজন্য আমি মনে করি জনাব আসাদের ব্যবসায় স্থাপনের ফলে মুনাফা অর্জনের অর্থনৈতিক উদ্দেশ্য সাধিত হয়েছে বলে আমি মনে করি।

**প্রশ্ন ▶১৪** বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে পাস করে জনাব রহমত চাকরি না করার সিদ্ধান্ত নেন। তাই তাদের বাড়ির পাশের একটি পতিত জমিতে গাছের চারা উৎপাদন শুরু করেন। এ কাজ করে তিনি জীবিকা অর্জনের পাশাপাশি বনায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন।

*[রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুল; কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]*

ক. দ্রব্য বিনিময় কোন যুগের নিদর্শন? ১
খ. ব্যবসায় কীভাবে কালগত প্রতিবন্ধকতা দূর করে? ব্যাখ্যা করো। ২
গ. জনাব রহমতের কাজটি কোন শিল্পের অন্তর্গত? বর্ণনা করো। ৩
ঘ. জনাব রহমতের শিল্পটি প্রতিষ্ঠায় প্রাকৃতিক পরিবেশের কোন উপাদানটি প্রভাব বিস্তার করেছে? বিশ্লেষণ করো। ৪

## ১৪ নং প্রশ্নের উত্তর

**ক** দ্রব্য বিনিময় প্রাচীন যুগের নিদর্শন।

**খ** গুদামজাতকরণের মাধ্যমে ব্যবসায় কালগত বা সময়গত প্রতিবন্ধকতা দূর করে।

একটি নির্দিষ্ট সময়ে উৎপাদিত পণ্য বছরের অন্য সময়ে ব্যবহারের জন্য সংরক্ষণকে গুদামজাতকরণ বলে। এর মাধ্যমে মৌসুমি পণ্য সারা বছর ব্যবহার করা যায়। ফলে পণ্যের সময়গত বা কালগত চাহিদা পূরণও সম্ভব হয়। অর্থাৎ প্রয়োজনের অতিরিক্ত পণ্য গুদামজাতকরণের মাধ্যমে সংরক্ষণ করে ব্যবসায় কালগত বা সময়গত প্রতিবন্ধকতা দূর করে।

**গ** জনাব রহমতের কাজটি প্রজনন শিল্পের অন্তর্গত।

যে শিল্পে উৎপাদিত সামগ্রী পুনরায় সৃষ্টি বা উৎপাদনের কাজে ব্যবহৃত হয়, তাকে প্রজনন শিল্প বলে। এ শিল্পে প্রথমে সম্পদ আহরণ, কাঁচামালে রূপদান এবং প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে পণ্য বা দ্রব্যসামগ্রী পুনরায় সৃষ্টি বা উৎপাদনের কাজে ব্যবহার করা হয়।

জনাব রহমত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে পাস করে চাকরি না করার সিদ্ধান্ত নেন। এজন্য বাড়ির পাশের একটি পতিত জমিতে গাছের চারা উৎপাদন শুরু করেন। অর্থাৎ জনাব রহমত প্রথমে প্রয়োজনীয় উপকরণের মাধ্যমে গাছের চারা উৎপাদন করেন। পরবর্তীতে প্রয়োজনীয় পরিচর্যার মাধ্যমে চারাগুলো বড় করে তোলেন। এভাবে গাছের চারাগুলো বৃদ্ধি এবং বিক্রয় করেন, যা পরবর্তীতে পুনরায় বিভিন্ন কাজে ব্যবহৃত হয়। অর্থাৎ জনাব রহমতের গাছের চারা উৎপাদন প্রজনন শিল্পের সাথে সংশ্লিষ্ট।

**ঘ** জনাব রহমতের শিল্পটি প্রতিষ্ঠায় প্রাকৃতিক পরিবেশের জলবায়ু ও ভূমি উপাদানটি প্রভাব বিস্তার করেছে।

যেসব প্রাকৃতিক উপাদান ব্যবসায়ে প্রভাব বিস্তার করে তাদের সমষ্টিকেই প্রাকৃতিক পরিবেশের উপাদান বলে। জলবায়ু, ভূমি, প্রাকৃতিক সম্পদ, নদ-নদী প্রভৃতি প্রাকৃতিক পরিবেশের উপাদান।

জনাব রহমত তার মেধা, শ্রম এবং পুঁজি ব্যবহার করে গাছের চারা উৎপাদনের উদ্যোগ গ্রহণ করেছেন। এতে তিনি জীবিকার পাশাপাশি বনায়নেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন। প্রয়োজনীয় পদক্ষেপের মাধ্যমে এবং প্রাকৃতিক পরিবেশের অনুকূল প্রভাবে সহজেই গাছের চারা উৎপাদন করা যায়।

জনাব রহমতের চারা গাছ উৎপাদনের জন্য অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হলো অনুকূল জলবায়ু এবং উর্বর ভূমি। উর্বর ভূমি ব্যতীত গাছের চারা উৎপাদন সম্ভব নয়। আবার অনুকূল আবহাওয়া ও জলবায়ু না থাকলে গাছের চারা উৎপাদিত হয় না। কারণ গাছের চারা বৃদ্ধির জন্য এগুলো অপরিহার্য, যা জনাব রহমতের এলাকায় রয়েছে। তাই বলা যায়, জনাব রহমতের শিল্পটি প্রতিষ্ঠায় প্রাকৃতিক পরিবেশের জলবায়ু ও ভূমি উপাদানটি প্রভাব বিস্তার করেছে।

**প্রশ্ন ▶১৫** মিস জেবা নিজস্ব দক্ষতায় বিভিন্ন অলঙ্কার ও শৌখিন দ্রব্যাদি তৈরি করে অনলাইনে বিক্রয় করেন। তার বিক্রয়ের পরিমাণ বেড়ে যাওয়ায় ব্যবসায় সম্প্রসারণের জন্য অধিক পুঁজির প্রয়োজন দেখা দেয়ায় আর্থিক প্রতিষ্ঠানের শরণাপন্ন হয়ে সমস্যার সমাধান করেন।

*[বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ; আঞ্জুমান আদর্শ সরকারি উচ্চ বিদ্যালয়, নেত্রকোনা; বরুড়া হাজী নোয়াব আলী পাইলট উচ্চ বিদ্যালয়, কুমিল্লা; ওসমানী মেডিকেল উচ্চ বিদ্যালয়, সিলেট]*

ক. উপমহাদেশে কত সালে ট্রেডমার্কস আইন প্রণয়ন করা হয়? ১
খ. প্রত্যক্ষ সেবামূলক ব্যবসায় বলতে কী বোঝায়? ২
গ. ব্যবসায়ের কোন পরিবেশের সহায়তায় মিস জেবা পণ্য বিক্রয় করতে সক্ষম হয়েছেন? বর্ণনা করো। ৩
ঘ. মিস জেবার ব্যবসায় সম্প্রসারণে আর্থিক প্রতিষ্ঠানের ভূমিকা মূল্যায়ন করো। ৪

rajib

Scanned with CamScanner

### ১৫ নং প্রশ্নের উত্তর

**ক** উপমহাদেশে ১৯৪০ সালে ট্রেডমার্কস আইন প্রণয়ন করা হয়।

**খ** স্বাধীন পেশায় নিয়োজিত পেশাজীবীরা যেসব সেবাকর্ম প্রদানের বিনিময়ে অর্থ উপার্জন করেন তাকে প্রত্যক্ষ সেবামূলক ব্যবসায় বলে। ডাক্তারি, ক্লিনিক, আইন চেম্বার, প্রকৌশলী ফার্ম, অডিট ফার্ম হচ্ছে প্রত্যক্ষ সেবামূলক ব্যবসায়। এটি আধুনিক ব্যবসায়ের একটি গুরুত্বপূর্ণ শাখা।

**গ** মিস জেবা ব্যবসায়ের প্রযুক্তিগত পরিবেশের সহায়তায় পণ্য বিক্রয় করতে সক্ষম হয়েছেন।

কারিগরি দক্ষতা, উন্নত প্রযুক্তি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, প্রযুক্তি শিক্ষা, প্রযুক্তি আমদানির সুযোগ প্রভৃতি উপাদান প্রযুক্তিগত পরিবেশের আওতাভুক্ত।

মিস জেবা নিজস্ব দক্ষতায় বিভিন্ন অলঙ্কার ও শৌখিন দ্রব্যাদি তৈরি করেন। তিনি তৈরিকৃত এসব পণ্য পরবর্তীতে অনলাইনে বিক্রয় করেন। অর্থাৎ তিনি কম্পিউটার, ইন্টারনেট বা নির্দিষ্ট ওয়েবসাইটের সাহায্যে তার বিক্রয় কাজ সম্পাদন করেন। এতে প্রযুক্তির ব্যবহার ও সমন্বয় ঘটে, যা প্রযুক্তিগত পরিবেশের আওতাভুক্ত।

**ঘ** মিস জেবার পুঁজি সংগ্রহের মাধ্যমে ব্যবসায় সম্প্রসারণে আর্থিক প্রতিষ্ঠানটির ভূমিকা অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

অর্থ হলো ব্যবসায়ের প্রাণ। ব্যবসায় সম্প্রসারণে বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান অর্থ বা মূলধন সরবরাহ করে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

মিস জেবা অনলাইনে তার তৈরিকৃত বিভিন্ন অলঙ্কার ও শৌখিন দ্রব্যাদি বিক্রয় করেন। তার বিক্রয়ের পরিমাণ বেড়ে যাওয়ায় ব্যবসায় সম্প্রসারণের জন্য অধিক পুঁজির প্রয়োজন দেখা দেয়। অর্থাৎ ব্যবসায় সম্প্রসারণে মিস জেবাকে অর্থগত বাধার সম্মুখীন হতে হয়।

এক্ষেত্রে একটি আর্থিক প্রতিষ্ঠান তাকে সুদের বিনিময়ে প্রয়োজনীয় ঋণ দেয়। এর ফলে মিস জেবা প্রাপ্ত অর্থের মাধ্যমে তার ব্যবসায় সম্প্রসারণমূলক কাজ সহজেই করতে পারছেন, যা অন্য কোনো উৎস হতে সম্ভব নয়। পরিশেষে বলা যায়, মিস জেবার পুঁজি বিনিয়োগের মাধ্যমে ব্যবসায় সম্প্রসারণের ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠানের ভূমিকা অপরিসীম।

**প্রশ্ন ▶১৬** জনাব বিকানন এলএলবি পাস করে বগুড়ার জজ কোর্টে আইনজীবী হিসেবে কাজ করছেন। বিচার প্রার্থীদের আইনি সহায়তা প্রদানের বিনিময়ে তিনি তার পারিশ্রমিক নেন। তার আইনি সহায়তা পেয়ে এলাকার অনেকে তার প্রতি খুবই খুশি। আইনজীবী সমিতিতে তার রয়েছে খুব সুনাম। *[নওগাঁ জিলা স্কুল]*

ক. গুদামজাতকরণ কোন ধরনের উপযোগ সৃষ্টি করে? ১

খ. বাণিজ্য কয় ধরনের উপযোগ সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে আলোচিত জনাব বিকাননের পেশাটি কোন ধরনের ব্যবসায়ের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব বিকাননের পেশাটি সমাজের উন্নয়নে কীরূপ ভূমিকা রাখবে? তোমার মতামত দাও। ৪

### ১৬ নং প্রশ্নের উত্তর

**ক** গুদামজাতকরণ সময়গত উপযোগ সৃষ্টি করে।

**খ** বাণিজ্য ৬ ধরনের উপযোগ সৃষ্টি করে।

পণ্যের বণ্টন কাজে যে সকল বাধা আছে বাণিজ্য তা দূরীকরণের মাধ্যমে উপযোগ সৃষ্টি করে। বাণিজ্য মালিকানাসংক্রান্ত বাধা দূর করে পণ্য বিনিময়ের মাধ্যমে স্বত্বগত ও স্থানগত বাধা দূর করে পরিবহনের মাধ্যমে। ব্যাংকিং-এর মাধ্যমে অর্থগত, বিমার মাধ্যমে ঝুঁকিগত বাধা দূর করে। গুদামজাতকরণের মাধ্যমে সময়গত এবং বিজ্ঞাপনের মাধ্যমে তথ্যগত বাধা দূর করে উপযোগ সৃষ্টি করে।

**গ** জনাব বিকাননের পেশাটি প্রত্যক্ষ সেবার অন্তর্গত।

অর্থ উপার্জনের উদ্দেশ্যে স্বাধীন পেশায় নিয়োজিত ডাক্তার, উকিল, প্রকৌশলী প্রভৃতি পেশাজীবী যেসব সেবাকর্ম অর্থের বিনিময়ে প্রদান করে থাকেন তা প্রত্যক্ষ সেবা হিসেবে পরিচিত।

জনাব বিকানন এলএলবি পাস করে বগুড়া জজকোর্টে আইনজীবী হিসেবে কাজ করছেন। অর্থাৎ তিনি একজন পেশাজীবী। বিচার প্রার্থীদের আইনি সহায়তা প্রদানের বিনিময়ে তিনি তার পারিশ্রমিক নেন। অর্থাৎ প্রত্যক্ষভাবে আইনি সেবা সরবরাহের মাধ্যমে তিনি অর্থ উপার্জন করেন। তাই বলা যায়, জনাব বিকাননের পেশাটি প্রত্যক্ষ সেবার অন্তর্গত।

**ঘ** জনাব বিকাননের প্রত্যক্ষ সেবার পেশাটি সমাজের উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখবে।

সরাসরি সেবা সরবরাহের মাধ্যমে ব্যক্তিক মুনাফা অর্জনই হলো প্রত্যক্ষ সেবা। প্রত্যক্ষ সেবা ব্যবসায়ের একটি আধুনিক শাখা।

জনাব বিকানন একজন উকিল। তার ব্যবসায়ের পুঁজি হলো তার অর্জিত আইনি জ্ঞান, যেটি তিনি এলএলবি ডিগ্রির মাধ্যমে অর্জন করেছেন। তিনি অর্জিত জ্ঞানকে বগুড়াবাসীর উন্নয়নে কাজে লাগাচ্ছেন। তিনি বিচার প্রার্থীদেরকে আইনি সহায়তা প্রদান করেন। এতে করে বিচার প্রার্থীরা তাদের ন্যায্য বিচার পান। ফলে সমাজের বিভিন্ন অন্যায়-অনাচার দূর হয় এবং মানুষ আইনের প্রতি শ্রদ্ধাশীল হয়। জনাব বিকানন নিজের জ্ঞানের মাধ্যমে আইনি সহায়তা প্রত্যাশীদের সমস্যার সমাধান করেন।

জনাব বিকাননের প্রত্যক্ষ সেবা সরবরাহের মাধ্যমে তিনি নিজের কর্মসংস্থানের ব্যবস্থা করেছেন এবং সমাজের মানুষের জন্য উন্নত আইনি সেবা নিশ্চিত করেছেন। মানুষ সরাসরি তার নিকট থেকে সেবা গ্রহণ করতে পারছে। সুতরাং, বিকাননের আইনি সেবা সমাজের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমি মনে করি।

**প্রশ্ন ▶১৭** মিসেস আফরোজা পড়াশোনা শেষ করে রংপুরে একটি শাড়ির দোকান দেন। তিনি সেখানে মানসম্মত শাড়ি পাইকারি মূল্যে বিক্রয় করেন। এছাড়া তিনি তার দোকানের শাড়ি বিদেশে রপ্তানি করতে চান। বর্তমানে ব্যবসায়টির সম্প্রসারণের জন্য তিনি প্রচার ও অর্থ সংক্রান্ত বাধা অনুভব করেছেন। *[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর]*

ক. বাণিজ্যকে আধুনিককালে কী বলা হয়? ১

খ. ব্যবসায়িক পরিবেশের রাজনৈতিক উপাদান দ্বারা কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. ব্যবসায়ের আধুনিক শ্রেণিবিভাগ অনুযায়ী মিসেস আফরোজার ব্যবসায়টি কোন প্রকারের? ব্যাখ্যা করো। ৩

ঘ. কী কী পদক্ষেপ গ্রহণের মাধ্যমে মিসেস আফরোজার ব্যবসায়টি সম্প্রসারণের ক্ষেত্রে বাধাসমূহ দূর করা যেতে পারে বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

### ১৭ নং প্রশ্নের উত্তর

**ক** বাণিজ্যকে আধুনিককালে ব্যবসায় টু ব্যবসায় বলে অভিহিত করা হয়।

**খ** সরকার, রাজনৈতিক দল ও প্রতিষ্ঠান, স্থিতিশীল আইন-শৃঙ্খলা, স্বাধীনতা ও সার্বভৌমত্ব ইত্যাদি মিলে যে পরিবেশ সৃষ্টি হয় তাকে রাজনৈতিক পরিবেশ বলে।

রাজনৈতিক পরিবেশ মূলত কোনো দেশের রাজনীতির চর্চার ধরন ও চিন্তাধারার সাথে জড়িত। অসহনশীল রাজনৈতিক পরিবেশ দেশের ব্যবসায় পরিবেশকে মারাত্মকভাবে বাধাগ্রস্ত করে রাখে। আবার সুষ্ঠ রাজনীতির চর্চা কোনো দেশকে উন্নতির শিখরে পৌছে দিতে পারে।

rajib
Scanned with CamScanner

**গ** উদ্দীপকে ব্যবসায়ের আধুনিক শ্রেণিবিভাগ অনুযায়ী মিসেস আফরোজার ব্যবসায়টি হলো বাণিজ্য।

ব্যবসায় বা শিল্পে ব্যবহৃত কাঁচামাল উৎপাদকের নিকট পৌছানো কিংবা শিল্পে উৎপাদিত পণ্য ভোক্তাদের নিকট পৌছানোর সকল কার্যকে বাণিজ্য বলে। বাণিজ্যকে ব্যবসায়ের পণ্য বা সেবা বন্টনকারী শাখা হিসেবে চিহ্নিত করা হয়।

মিসেস আফরোজা পড়াশোনা শেষ করে রংপুরে একটি শাড়ির দোকান দেন। তিনি সেখানে মানসম্মত শাড়ি পাইকারি মূল্যে বিক্রয় করেন। অর্থাৎ মিসেস আফরোজা শাড়ি উৎপাদনের সাথে নিয়োজিত নন। তিনি চূড়ান্ত ভোক্তার নিকট শাড়ি পৌছানোর ক্ষেত্রে পাইকারি ব্যবসায়ী হিসেবে ভূমিকা রাখছেন। আফরোজা উৎপাদক হতে শাড়ি ক্রয় করেন। পরবর্তীতে খুচরা ব্যবসায়ীর নিকট বিক্রয় করেন। কার্যক্রমের ভিত্তিতে আফরোজা শাড়ি বণ্টনের সাথে জড়িত, যা ব্যবসা-বাণিজ্য নামে পরিচিত।

**ঘ** উদ্দীপকে বাণিজ্যের বিভিন্ন উপাদানের সহায়তার মাধ্যমে মিসেস আফরোজার ব্যবসায়টি সম্প্রসারণের ক্ষেত্রে বাধাসমূহ দূর করা যেতে পারে।

বাণিজ্যের অন্যতম উপাদান হলো পণ্য বিনিময়, পরিবহন, গুদামজাতকরণ, ব্যাংকিং, বিমা ও বিজ্ঞাপন। এসব উপাদানের যথাযথ প্রয়োগ ব্যবসায়ের ক্ষেত্রে স্বত্বগত, স্থানগত, সময়গত, অর্থগত, ঝুঁকিগত ও তথ্যগত বাধা দূর করে। ফলে ব্যবসায় গতিশীল হয়।

উদ্দীপকে আফরোজা একটি শাড়ির দোকানের মালিক। তিনি পাইকারিভাবে শাড়ি বিক্রয় করেন। বর্তমানে আফরোজা তার দোকানের শাড়ি বিদেশে রপ্তানি করতে চান। এক্ষেত্রে ব্যবসায়টির সম্প্রসারণের জন্য তিনি প্রচার ও অর্থসংক্রান্ত বাধা অনুভব করছেন।

এ অবস্থায় আফরোজা বাণিজ্যের বেশ কয়টি উপাদানের সহায়তা নিতে পারেন। প্রচারসংক্রান্ত বাধা দূর করার জন্য আফরোজা দেশি এবং বিদেশি গণমাধ্যমে বিজ্ঞাপন প্রদান করতে পারেন। অর্থসংক্রান্ত বাধা দূর করার জন্য তিনি ব্যাংক হতে ঋণ গ্রহণ করতে পারেন। অর্থাৎ ব্যাংকিং সেবা গ্রহণ ও বিজ্ঞাপনের মাধ্যমে আফরোজা তার সমস্যা সমাধান করতে পারেন।

**প্রশ্ন ▶ ১৮** শ্রেণিকক্ষে শিক্ষক বিভিন্ন প্রকার শিল্পের নাম লিখেন, যা নিম্নরূপ: পোলট্রি ফার্ম, বস্ত্র শিল্প, বিদ্যুৎ শিল্প, মাছ ধরা, টেলিফোন, পাট শিল্প, ফ্লাইওভার নির্মাণ, হ্যাচারি, জলজ সম্পদ, পশু-পাখি সংগ্রহ, নার্সারি, স্পিনিং মিল, রেলপথ নির্মাণ, হাসপাতাল, বাঁধ নির্মাণ। *[কালেক্টরেট পাবলিক স্কুল এন্ড কলেজ, রংপুর; ন্যাশনাল আইডিয়াল স্কুল, খিলগাঁও, ঢাকা]*

ক. বিনিময় প্রথা কী? ১

খ. ব্যবসায় টু ব্যবসায় বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত শিল্পগুলোকে বিভিন্ন শ্রেণিতে শ্রেণিবিভাগ করো। ৩

ঘ. উদ্দীপকে কোন ধরনের শিল্পের উৎপাদিত পণ্য অন্য শিল্পের উৎপাদনে সহায়ক ভূমিকা পালন করে? বিশ্লেষণ করো। ৪

**১৮ নং প্রশ্নের উত্তর**

**ক** পণ্যের বিনিময়ে পণ্য আদান-প্রদানের যে প্রথা তা-ই বিনিময় প্রথা।

**খ** ব্যবসায়ের একটি মডেল হলো বিটুবি বা ব্যবসায় টু ব্যবসায়।

যখন একটি ব্যবসায় প্রতিষ্ঠানের সাথে অন্য একটি ব্যবসায় প্রতিষ্ঠানের ব্যবসায়িক সম্পর্ক বা লেনদেন সংঘটিত হয় তখন তাকে ব্যবসায় টু ব্যবসায় বলা হয়। এক্ষেত্রে দুজনের মধ্যেই ব্যবসায়িক স্বার্থ বিদ্যমান থাকে। অর্থাৎ ক্রেতা এবং বিক্রেতা উভয়ই একত্রে ব্যবসায়ী। যেমন- কাগজ কলের মালিক এবং সংবাদপত্রের মালিকের মধ্যে বিটুবি সম্পর্ক বিদ্যমান।

**গ** শিল্পকে উৎপাদনের বাহন হিসেবে বিবেচনা করা হয়।

উদ্দীপকে শিক্ষক শ্রেণিকক্ষের বোর্ডে যে সকল শিল্পের নাম লিখেছেন সেগুলোকে বিভিন্ন শ্রেণিতে ভাগ করা হলো—

| প্রজনন শিল্প | নিষ্কাশন শিল্প | নির্মাণ শিল্প | উৎপাদন শিল্প | সেবামূলক শিল্প |
|---|---|---|---|---|
| ১. হ্যাচারি | ১. জলজ সম্পদ | ১. বাঁধ নির্মাণ | ১. স্পিনিং মিল | ১. টেলিফোন |
| ২. নার্সারি | ২. মাছ ধরা | ২. ফ্লাইওভার নির্মাণ | ২. বস্ত্র শিল্প | ৩. বিদ্যুৎ শিল্প |
| ৩. পোলট্রি ফার্ম | ৩. পশু-পাখি সংগ্রহ | ৩. রেলপথ নির্মাণ | ৩. পাট শিল্প | ৩. হাসপাতাল |

**ঘ** প্রজনন শিল্পের উৎপাদিত পণ্য বা সামগ্রী অন্যান্য শিল্পের উৎপাদনে সহায়ক ভূমিকা পালন করে থাকে।

যে প্রক্রিয়ায় প্রাকৃতিক সম্পদ আহরণ, রূপান্তর এবং প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে কাঁচামালকে মানুষের ব্যবহার উপযোগী করা হয় তাকে শিল্প বলে।

উদ্দীপকে শিক্ষক শ্রেণিকক্ষে পাঠদানকালে বিভিন্ন প্রকার শিল্প সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা দিয়েছেন। প্রজনন শিল্পের অন্তর্গত হ্যাচারি থেকে উৎপাদিত পোনা মাছ পরবর্তীতে পুকুরে চাষ করে পরিণত মাছে রূপান্তর করা হয়। মাছ ধরা, রূপান্তর ও প্রক্রিয়াজাত করা নিষ্কাশন শিল্প।

নার্সারিতে উৎপাদিত গাছ দিয়ে বনায়ন করা হয়, যা অন্যান্য শিল্পে ব্যবহার করা হয়। অর্থাৎ প্রজনন শিল্পের উৎপাদিত পণ্য অন্যান্য শিল্পে ব্যবহৃত হয়। তাই বলা যায়, আলোচিত প্রজনন শিল্পের উৎপাদিত পণ্য অন্য শিল্পের উৎপাদনে সহায়ক ভূমিকা রাখতে পারে।

**প্রশ্ন ▶ ১৯** জনাব আরাফাত একজন ব্যবসায়ী। তিনি রাজশাহী থেকে আম এনে ঢাকার যাত্রাবাড়ীতে বিক্রি করেন। উক্ত আম সাধারণ ভোক্তার কাছে পৌছানোর জন্য তিনি একটি ব্যবসায় গড়ে তোলেন। তিনি তার সমস্যাগুলো বাণিজ্যের বিভিন্ন শাখার মাধ্যমে সমাধান করার পরিকল্পনা করেন। *[কুমিল্লা মডার্ন হাই স্কুল]*

rajib

ক. ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী? ১

খ. শিল্প বলতে কী বোঝায়? উদাহরণ দাও। ২

গ. জনাব আরাফাত পণ্য বণ্টনের ক্ষেত্রে কী কী প্রতিবন্ধকতার সম্মুখীন হতে পারেন বলে তুমি মনে করো। ৩

ঘ. জনাব আরাফাত তার প্রতিবন্ধকতাগুলো কীভাবে অতিক্রম করবেন? তোমার সুপারিশ উপস্থাপন করো। ৪

**১৯ নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য হলো মুনাফা অর্জন করা।

**খ** শিল্প হলো উৎপাদনের বাহন।

যে প্রক্রিয়ায় প্রাকৃতিক সম্পদ আহরণ, কাঁচামালে রূপদান এবং প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে কাঁচামালকে মানুষের ব্যবহার উপযোগী পণ্যে পরিণত করা হয় তাকে শিল্প বলে। নার্সারি, মৎস্য চাষ, সেতু নির্মাণ, ব্যাংকিং ও স্বাস্থ্যসেবা শিল্পের অন্যতম উদাহরণ।

**গ** জনাব আরাফাত পণ্য বণ্টনের ক্ষেত্রে ব্যবসায়ে নানান ধরনের প্রতিবন্ধকতার সম্মুখীন হতে পারেন বলে আমি মনে করি।

ব্যবসায়ের অন্যতম শাখা হলো বাণিজ্য। ব্যবসায় করতে গেলে স্বত্বগত, স্থানগত, সময়গত, অর্থগত, ঝুঁকিগত, তথ্যগত প্রভৃতি ধরনের প্রতিবন্ধকতা সৃষ্টি হয়। এসব বাধা বাণিজ্যের উপাদান পরিবহন, বিমা, ব্যাংকিং প্রভৃতির মাধ্যমে দূর করা হয়।

জনাব আরাফাত একজন ব্যবসায়ী। তিনি রাজশাহী থেকে আম এনে ঢাকার যাত্রাবাড়ীতে বিক্রি করেন। রাজশাহী হতে আম আনার ক্ষেত্রে স্থানগত বাধার সম্মুখীন হতে পারেন। ক্রয়কৃত আম অধিক সময় সংরক্ষণের প্রয়োজন হতে পারে। এক্ষেত্রে সময়গত বাধার সম্মুখীন হতে পারেন। আম আনা ও ভোক্তার কাছে পৌছানোর ক্ষেত্রে তিনি নানান ঝুঁকির সম্মুখীন হতে পারেন। পরিশেষে জনাব আরাফাত পণ্য বণ্টনে উপরিউক্ত প্রতিবন্ধকতার সম্মুখীন হতে পারেন।

Scanned with CamScanner

**ঘ** জনাব আরাফাত তার প্রতিবন্ধকতাগুলো বাণিজ্যের উপাদানের মাধ্যমে অতিক্রম করবেন।

পণ্য উৎপাদকের নিকট পৌছানো কিংবা পণ্য ভোক্তাদের নিকট পৌছানোর কার্যাবলিকে বাণিজ্য বলে। এসব পণ্য ক্রয়-বিক্রয়ে অর্থগত, ঝুঁকিগত, স্থানগতসহ নানান সমস্যা দেখা দিতে পারে। সেক্ষেত্রে ব্যাংক, বিমা, বিজ্ঞাপনসহ বাণিজ্যের উপাদানগুলো দ্বারা সমাধান করা যায়।

জনাব আরাফাত রাজশাহী হতে আম ঢাকার যাত্রাবাড়ীতে বিক্রি করেন। উক্ত আম সাধারণের নিকট পৌছে দেন। এক্ষেত্রে সৃষ্ট সমস্যা বাণিজ্যের বিভিন্ন শাখার মাধ্যমে সমাধান করেন।

জনাব আরাফাত আমের স্থানগত বাধা দূর করার জন্য পরিবহনের সহায়তা গ্রহণ করবেন। আম সংরক্ষণে গুদামজাতকরণ করবেন। ব্যবসায়ে অর্থের প্রয়োজনে ব্যাংকের ঋণ গ্রহণই উত্তম। আম আনা-নেয়ার ঝুঁকি দূর করতে বিমা করাই সর্বাধিক নিরাপদ বলে আমি মনে করি। পরিশেষে উল্লিখিতভাবেই জনাব আরাফাত প্রতিবন্ধকতাগুলো অতিক্রম করবেন।

**প্রশ্ন ▶ ২০** জনাব X একজন আলু ব্যবসায়ী। তিনি উৎপাদন মৌসুমে আলু ক্রয় করে যথাযথভাবে সংরক্ষণ করেন এবং বিভিন্ন সময়ে চাহিদা মোতাবেক দেশের বিভিন্ন অঞ্চলে আলু সরবরাহ করেন।

*[নওয়াব ফয়জুন্নেসা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা]*

ক. Porto Grando শব্দের অর্থ কী? ১

খ. পণ্যের স্থানগত উপযোগ সৃষ্টি করে কোনটি? ব্যাখ্যা করো। ২

গ. জনাব X-এর ব্যবসায়টি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'সংরক্ষণ ব্যবস্থা থাকলে এ ধরনের ব্যবসায়ে সফলতা আসে'— তোমার মতামত দাও। ৪

### ২০ নং প্রশ্নের উত্তর

**ক** Porto Grando শব্দের অর্থ হচ্ছে বৃহৎ বন্দর।

**খ** ব্যবসায়ে পরিবহন পণ্যের স্থানগত উপযোগ সৃষ্টি করে।

উৎপাদনস্থল থেকে ভোক্তার কাছে পণ্য প্রেরণে স্থানগত উপযোগ সৃষ্টির কাজকেই পরিবহন বলে। বিশ্বায়নের এ যুগে পৃথিবীর এক প্রান্তে পণ্য উৎপাদিত হচ্ছে আর তা ব্যবহার বা ভোগ করছে পৃথিবীর নানান প্রান্তের মানুষ। আর পরিবহনের মাধ্যমে এক স্থান থেকে অন্য স্থানে পণ্য পরিবহনের মাধ্যমে তা সম্ভব হচ্ছে।

**গ** জনাব X-এর ব্যবসায়টি বাণিজ্য শাখার আওতাভুক্ত।

ব্যবসায় বা শিল্পে ব্যবহৃত কাঁচামাল উৎপাদকের নিকট পৌছানো কিংবা শিল্পে উৎপাদিত পণ্য বা সেবাসামগ্রী ভোক্তাদের নিকট পৌছানোর কার্যাবলিকে বাণিজ্য বলে।

জনাব X একজন আলু ব্যবসায়ী। তিনি উৎপাদন মৌসুমে প্রচুর আলু ক্রয় করেন। এসব আলু যথাযথ সংরক্ষণের মাধ্যমে পরবর্তীতে চাহিদা অনুযায়ী বিক্রয় করেন। অর্থাৎ জনাব X-এর কাজের দ্বারা আলু চূড়ান্ত ভোক্তার হাতে পৌছায়। তিনি পণ্য সংরক্ষণের মাধ্যমে সময়গত বাধা দূর করেন। ফলে ভোক্তারা তাদের চাহিদামতো উৎপাদন মৌসুম ছাড়াও বছরের অন্যান্য সময়ে আলু ভোগ করতে পারে, যা বাণিজ্যের মাধ্যমে সম্ভব হয়েছে। অর্থাৎ জনাব X-এর উল্লিখিত কাজটি ব্যবসায়ের বাণিজ্য শাখার আওতাভুক্ত।

**ঘ** উদ্দীপকের আলোকে আমি মনে করি পণ্যের সংরক্ষণ ব্যবস্থা থাকলে জনাব X-এর মতো ব্যবসায়ীর ব্যবসায়ে সফলতা আসে।

যে উপায়ে মৌসুমি পণ্য বা অতিরিক্ত পণ্য প্রয়োজনীয় তাপমাত্রা এবং উপকরণের মাধ্যমে নির্দিষ্ট স্থানে সুষ্ঠুভাবে দীর্ঘদিন সংরক্ষণ করে রাখা হয় তাকে গুদামজাতকরণ বলে। এটি ব্যবসায়ের সময়গত বাধা দূর করে।

জনাব X উৎপাদন মৌসুমে প্রচুর আলু ক্রয় করে সেগুলো যথাযথভাবে সংরক্ষণ করেন। পরবর্তীতে এসব আলুর যখন চাহিদা বৃদ্ধি পায় তখন দেশের বিভিন্ন অঞ্চলে তা বিক্রয় বা সরবরাহ করেন। এভাবে জনাব X তার ব্যবসায়টি পরিচালনা করেন।

আমি মনে করি জনাব X-এর কাজের মাধ্যমে ভোক্তারা যেমন মৌসুমি পণ্য আলু সারাবছর ভোগ করতে পারছে তেমনি তিনিও আর্থিকভাবে লাভবান হচ্ছেন। কারণ উৎপাদন মৌসুম ব্যতীত পণ্য বিক্রয় বা সরবরাহের ক্ষেত্রে পণ্যটির মূল্য বেশি থাকে। অর্থাৎ পণ্য বেশি দামে বিক্রয় করতে পারছেন, যা সংরক্ষণ ব্যবস্থা বা গুদামজাতকরণের মাধ্যমে সম্ভব হয়েছে এবং তা ব্যবসায়ে সফলতা অর্জনে সহায়ক হয়েছে।

**প্রশ্ন ▶ ২১** রানা ট্রেডার্সের মালিক আনোয়ার হোসেন। তিনি নিজস্ব পরিবহন ব্যবস্থার মাধ্যমে দেশের বিভিন্ন স্থানে উৎপাদিত পণ্যসামগ্রী সরবরাহ করেন। অভ্যন্তরীণ বাণিজ্যে তাদের পণ্য বিরাট ভূমিকা পালন করছে। বর্তমানে তারা নতুন নতুন কৌশল ও প্রযুক্তি ব্যবহার করে বৈদেশিক বাণিজ্যে দেশীয় পণ্য রপ্তানির চিন্তা-ভাবনা করছেন।

*[কোম্পানিগঞ্জ বদিউল আলম উচ্চ বিদ্যালয়, কুমিল্লা; সরকারি করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা]*

ক. লিফলেট কী? ১

খ. প্রমিতকরণ ও পর্যায়িতকরণের মধ্যে দুটি পার্থক্য লেখো। ২

গ. উদ্দীপকে রানা ট্রেডার্সের অভ্যন্তরীণ বাণিজ্য প্রক্রিয়াটি ব্যাখ্যা করো। ৩

ঘ. রানা ট্রেডার্সের জন্য বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে দেশীয় পণ্যের স্থান করে নেয়া একটি বড় চ্যালেঞ্জ —ব্যাখ্যা করো। ৪

### ২১ নং প্রশ্নের উত্তর

**ক** বিজ্ঞাপন বা প্রচারের উদ্দেশ্যে বক্তব্য উপস্থাপন করে বিলিকৃত ছোট কাগজকে লিফলেট বলে।

**খ** প্রমিতকরণ ও পর্যায়িতকরণ উভয়ই বিপণনের কাজ।

প্রমিতকরণে পণ্যের আকার, রং, ক্রেতার চাহিদার ভিত্তিতে পণ্যের মান নির্ধারণ করা হয়। এ মানের ভিত্তিতে পণ্যকে বিভিন্ন শ্রেণিতে ভাগ করাকে পর্যায়িতকরণ বলে। প্রমিতকরণ মালিকানা হস্তান্তরের সাথে জড়িত। কিন্তু পর্যায়িতকরণ পণ্যের বস্তুগত বন্টনের সাথে সম্পৃক্ত।

**গ** রানা ট্রেডার্সের অভ্যন্তরীণ বাণিজ্য প্রক্রিয়াটি বিপণনের মাধ্যমে সম্পাদিত হচ্ছে।

পণ্য-দ্রব্য বা সেবাসামগ্রী ক্রয়-বিক্রয়ের কাজকে সাধারণ অর্থে বিপণন বলে। বিপণনের মধ্যে ক্রয়-বিক্রয়, পরিবহন, গুদামজাতকরণ, প্রমিতকরণ, পর্যায়িতকরণসহ যাবতীয় কাজ অন্তর্ভুক্ত থাকে।

রানা ট্রেডার্স অভ্যন্তরীণ বাণিজ্যের সাথে জড়িত। নিজ দেশের মধ্যে বাণিজ্য কার্যক্রম পরিচালনা করাই হলো অভ্যন্তরীণ বাণিজ্য। অর্থাৎ, একটি দেশের ভূ-খণ্ডের অভ্যন্তরে পণ্য বা সেবা উৎপাদন করে তা বন্টন করাই হলো অভ্যন্তরীণ বাণিজ্য। রানা ট্রেডার্স দেশের মধ্যেই বিপণন কাজে জড়িত রয়েছে। তারা পণ্য উৎপাদন করে এবং নিজস্ব পরিবহনের মাধ্যমে দেশের বিভিন্ন স্থানে পৌছিয়ে তা বিক্রি করে। এর পূর্বেই তারা গুদামজাতকরণ, প্রমিতকরণ, পর্যায়িতকরণ ইত্যাদি কাজ সম্পাদন করে। সুতরাং, রানা ট্রেডার্স বিপণন কার্যাবলির মাধ্যমে অভ্যন্তরীণ বাণিজ্য প্রক্রিয়ায় জড়িত রয়েছে।

**ঘ** রানা ট্রেডার্সের জন্য বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে দেশীয় পণ্যের স্থান করে নেয়া একটি বড় চ্যালেঞ্জ বলে আমি মনে করি।

একটি দেশের সাথে অন্য দেশের যে বাণিজ্য তা-ই বৈদেশিক বাণিজ্য। অর্থাৎ দুটি বা তার বেশি দেশের মধ্যে সম্পাদিত ক্রয়-বিক্রয় কার্যকে বৈদেশিক বাণিজ্য বলে।


rajib

Scanned with CamScanner

রানা ট্রেডার্সের আনোয়ার হোসেন নিজস্ব পরিবহন ব্যবস্থার মাধ্যমে দেশের বিভিন্ন স্থানে উৎপাদিত পণ্যসামগ্রী সরবরাহ করেন। এভাবে অভ্যন্তরীণ বাণিজ্যে সফলতা অর্জন করায় প্রতিষ্ঠানটি বিদেশে পণ্য রপ্তানির সিদ্ধান্ত নিল। সিদ্ধান্তটি যৌক্তিক হলেও এক্ষেত্রে বেশ কিছু কার্য সম্পাদন আবশ্যকীয়। কেবল কৌশল ও প্রযুক্তির আধুনিকায়নের মাধ্যমে বৈদেশিক বাণিজ্যে সফল হওয়া সম্ভব নয়।

প্রথমেই রানা ট্রেডার্সের পণ্যের মান আন্তর্জাতিক মানের হতে হবে এবং তাদেরকে ISO থেকে আন্তর্জাতিক মান সনদ সংগ্রহ করতে হবে। কেননা, উন্নত দেশগুলোতে পণ্যমানকে খুবই গুরুত্ব প্রদান করা হয়। দ্বিতীয়ত, দক্ষ শ্রমিকের ব্যবস্থা করতে হবে। এজন্য তার আরও মূলধন সংগ্রহ করতে হবে। তৃতীয়ত, বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতিতে তার উৎপাদন সাময়িকভাবে বন্ধ হয়ে যেতে পারে। তাছাড়া, যে বাজারে যে পণ্য বিক্রয়ে আগ্রহী, সেখানকার ভোক্তাদের চাহিদা, রুচি প্রভৃতি তাকে জানতে হবে। সুতরাং, রানা ট্রেডার্সের জন্য বৈদেশিক বাণিজ্যে স্থান করে নেয়া একটি বড় চ্যালেঞ্জ।

**প্রশ্ন ▶ ২২**




*[ফেনী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়; নোয়াখালী জিলা স্কুল; নুরিয়া মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল]*

ক. বিমা কী? ১
খ. পরিবহন কোন ধরনের উপযোগ সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২
গ. বাণিজ্যের গুরুত্বপূর্ণ তিনটি কাজ সম্পর্কে আলোচনা করো। ৩
ঘ. ব্যবসায়ের সাথে শিল্প ও বাণিজ্যের সম্পর্ক নিরূপণ করো। ৪

## ২২ নং প্রশ্নের উত্তর

**ক** বিমা হলো নির্দিষ্ট ঝুঁকি বা অনিশ্চয়তা থেকে উদ্ভূত ক্ষতির বিপক্ষে প্রতিরক্ষামূলক ব্যবস্থা।

**খ** ব্যবসায়ে পরিবহন স্থানগত উপযোগ সৃষ্টি করে।

উৎপাদনস্থল থেকে ভোক্তার কাছে পণ্য প্রেরণে স্থানগত উপযোগ সৃষ্টির কাজকেই পরিবহন বলে। বিশ্বায়নের এ যুগে পৃথিবীর একপ্রান্তে পণ্য উৎপাদিত হচ্ছে আর তা ব্যবহার বা ভোগ করছে পৃথিবীর নানান প্রান্তের মানুষ। আর পরিবহনের মাধ্যমে এক স্থান থেকে অন্য স্থানে পণ্য পরিবহনের মাধ্যমে তা সম্ভব হচ্ছে।

**গ** বাণিজ্যের গুরুত্বপূর্ণ তিনটি কাজ হলো পণ্য বিনিময়, পরিবহন এবং গুদামজাতকরণ।

ব্যবসায়ে ব্যবহৃত কাঁচামাল উৎপাদকের নিকট পৌছানো কিংবা শিল্পে উৎপাদিত পণ্য বা সেবাসামগ্রী ভোক্তাদের নিকট পৌছানোর সকল কাজকে বাণিজ্য বলে। এক্ষেত্রে অর্থ, ঝুঁকি, স্থান, কালগত নানান সমস্যা দেখা দেয়। এসব সমস্যা সমাধানে পরিবহন, গুদামজাতকরণ, ব্যাংকিং, বিমা প্রভৃতি বিষয় সহযোগিতা করে। এসবই বাণিজ্যের কাজ।

উদ্দীপকের প্রদত্ত ছকে ব্যবসায়ের নানান শাখা তুলে ধরা হয়েছে। ব্যবসায়ের অন্যতম শাখা হলো বাণিজ্য। এর মাধ্যমে পণ্য বণ্টন করা হয়। বাণিজ্যের অন্যতম কাজ হলো পণ্য বিনিময়। এতে পণ্যের মালিকানা এক ব্যক্তি হতে অন্যজনের নিকট হস্তান্তরিত হয়। পরিবহনও বাণিজ্যের গুরুত্বপূর্ণ কাজ। এর মাধ্যমে পণ্য এক স্থান হতে অন্য স্থানে আনা-নেয়া করা যায়। বাণিজ্যের গুদামজাতকরণ কাজটি দ্বারা পণ্যদ্রব্য সংরক্ষণ করা হয়। উপরি-উক্ত কাজ ছাড়াও অর্থ ও ঝুঁকি সংক্রান্ত বিভিন্ন প্রতিবন্ধকতা দূরীকরণে বাণিজ্য নানান কাজ করে থাকে।

**ঘ** ব্যবসায়ের সাথে শিল্প ও বাণিজ্যের গুরুত্বপূর্ণ সম্পর্ক বিদ্যমান।

যে প্রক্রিয়ায় প্রাকৃতিক সম্পদ আহরণ, কাঁচামালে রূপদান ও প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে কাঁচামালকে মানুষের ব্যবহার উপযোগী করা হয় তাই শিল্প। অপরদিকে ব্যবসায়ে বা শিল্পে ব্যবহৃত কাঁচামাল উৎপাদকের নিকট পৌছানো কিংবা পণ্যসামগ্রী ভোক্তাদের নিকট পৌছানোর সকল কাজকে বাণিজ্য বলে। শিল্প ও বাণিজ্য ব্যবসায়ের দুটি শাখা।

উদ্দীপকে ব্যবসায়ের শ্রেণিবিভাগ দেখানো হয়েছে। এক্ষেত্রে শিল্প, বাণিজ্য এবং প্রত্যক্ষ সেবার কথা বর্ণিত হয়েছে। ব্যবসায়ের এসব শাখায় নানান ধরনের কাজ সম্পাদিত হয়। এগুলো একে অপরের সাথে সম্পর্কযুক্ত।

ব্যবসায় গঠিত হয় পণ্য বা সেবার ভিত্তিতে। প্রকৃতি হতে এ পণ্য বা সেবা আহরণ শিল্পের কাজ। আবার আহরণকৃত সম্পদ মানুষের ব্যবহার উপযোগী করা শিল্পের কাজ। শিল্পের মাধ্যমে উৎপাদিত পণ্য বাণিজ্যের সাহায্য ভোক্তাদের নিকট পৌছানো হয়। অর্থাৎ বাণিজ্যের সম্পাদিত কাজের ফলেই ব্যবসায়ে মুনাফা অর্জিত হয়। এভাবে ব্যবসায়ের সাথে শিল্প ও বাণিজ্যের তাৎপর্যপূর্ণ সম্পর্ক সৃষ্টি হয়।

**প্রশ্ন ▶ ২৩** মাইজদী শহরে জুয়েল ওয়েল্ডিং মেশিনের দোকান দিয়েছেন। তিনি ক্রেতাদের ফরমায়েশ অনুযায়ী জানালার গ্রিল, গাড়ির যন্ত্রাংশসহ অনেক কিছু তৈরি করেন। অন্যদিকে তার বন্ধু ফরহাদ মুদির দোকান দিয়েছে। নানান উৎস থেকে বিভিন্ন ধরনের মাল কিনে এনে বাজারে বিক্রয় করেন। প্রতিদিন পণ্য সংগ্রহ আর বিভিন্ন ধরনের গ্রাহকের সাথে লেনদেনে তার ব্যস্ততা জুয়েলের চেয়ে অনেক বেশি। *[নোয়াখালী জিলা স্কুল]*

ক. ব্যবসায়কে প্রধানত কত ভাগে ভাগ করা হয়েছে? ১
খ. বাংলাদেশের ব্যবসায়িক পরিবেশের প্রাকৃতিক উপাদান সম্পর্কে লেখো। ২
গ. জুয়েলের কাজ কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩
ঘ. ফরহাদের ব্যবসায়ের কাজ জুয়েলের ব্যবসায়ের কাজ অপেক্ষা কষ্টকর —তুমি কি একমত? মতের সপক্ষে যুক্তি দাও। ৪

## ২৩ নং প্রশ্নের উত্তর

**ক** ব্যবসায়কে প্রধানত তিন ভাগে ভাগ করা হয়েছে।

**খ** প্রাকৃতিক পরিবেশের অধিকাংশ উপাদানই বাংলাদেশে ব্যবসায় স্থাপনের জন্য অনুকূল।

দেশের প্রায় সকল অঞ্চলই নদী বিধৌত। ফলে সহজেই এখানে কৃষিজাত বিভিন্ন শিল্প ও ভোগ্যপণ্যের কাঁচামাল উৎপাদন করা সম্ভব। ব্যবসায় বা শিল্প স্থাপনের জন্য প্রয়োজনীয় প্রাকৃতিক গ্যাস এদেশে বিদ্যমান। তাছাড়া দেশে বিদ্যমান খনিজ কয়লা, চুনাপাথর, কঠিন শিলা ও খনিজ তেল শিল্প বিকাশে সহায়ক।

**গ** জুয়েল যে ওয়েল্ডিং মেশিন স্থাপন করেছে তা উৎপাদন শিল্পের আওতাভুক্ত।

যে শিল্পে শ্রম ও যন্ত্রের ব্যবহারের মাধ্যমে কাঁচামালকে প্রক্রিয়াজাত করে চূড়ান্ত পণ্যে রূপান্তর করা হয় তাকে উৎপাদন শিল্প বলে। উৎপাদন শিল্পের অন্যতম প্রধান বৈশিষ্ট্য হলো যেকোনো অর্ধপ্রস্তুত পণ্যকে মানুষের ব্যবহার উপযোগী করে তোলা।

জুয়েলের একটি ওয়েল্ডিং মেশিনের দোকান রয়েছে। তার কাজ হলো ক্রেতার ফরমায়েশ অনুযায়ী প্রয়োজনীয় যন্ত্রের সাহায্যে জানালার গ্রিল তৈরি, দরজা তৈরি, গাড়ির প্রয়োজনীয় যন্ত্রাংশ তৈরি করা। অর্থাৎ প্রয়োজন অনুযায়ী যন্ত্রের সাহায্যে মানুষের ব্যবহার উপযোগী নতুন পণ্য তৈরি করে দেয়া। জুয়েল তার দোকানে লোহা, স্টিলসহ বিভিন্ন ধাতু ব্যবহার করে প্রক্রিয়াজাত প্রক্রিয়ার মাধ্যমে ব্যবহার উপযোগী পণ্য তৈরি করে। জুয়েলের কাজ বিশ্লেষণ করে বলা যায়, ওয়েল্ডিং মেশিনের কাজটি উৎপাদন শিল্পের আওতাভুক্ত।

rajib

Scanned with CamScanner

ঘ ফরহাদের ব্যবসায়ের কাজ জুয়েলের ব্যবসায়ের কাজ অপেক্ষা কষ্টকর— আমি এ বক্তব্য সমর্থন করি।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে যাবতীয় বৈধ অর্থনৈতিক কাজই হলো ব্যবসায়। এটি মানুষের বস্তুগত ও অবস্তুগত অভাব পূরণের সাথে জড়িত। ব্যবসায়িক কাজ সম্পাদনে কোনো কাজ বেশি কষ্টসাধ্য আবার কোনো কাজ কম কষ্টকরো।

জুয়েল একজন ওয়েল্ডিং মেশিনের ব্যবসায়ী, অন্যদিকে ফরহাদ একজন মুদির দোকানদার। জুয়েলের ব্যবসায়টির গ্রাহক সংখ্যা ফরহাদের ব্যবসায়ের গ্রাহকের তুলনায় কম। শুধুমাত্র ফরমায়েশ পাওয়ার পরই তার কাজ করতে হয়। অপরদিকে ফরহাদের ব্যবসায়টিতে পণ্যের বৈচিত্র্য বেশি এবং গ্রাহক সংখ্যা বেশি থাকায় ব্যস্ততাও বেশি।

জুয়েলের ব্যবসায়ের তুলনায় ফরহাদের ব্যবসায়ে পণ্য সংগ্রহের কার্যক্রম বেশি এবং পণ্য সংগ্রহের পরই তা বিক্রয় করতে হয়। অপরদিকে জুয়েল ব্যবসায়ে ফরমায়েশ অনুযায়ী পণ্য তৈরি করে বিক্রয় করে। জুয়েলের ব্যবসায় অপেক্ষা ফরহাদের ব্যবসায়টিতে বেশি ঝুঁকি ও অনিশ্চয়তা বিদ্যমান। কোনো কারণে পণ্যসামগ্রী বিক্রয় না হলে বা নষ্ট হয়ে গেলে ব্যবসায়ে লাভ হওয়া কষ্টকর এবং ঝামেলাপূর্ণ। এসব কারণে ফরহাদের ব্যবসায়ের কাজ অপেক্ষা জুয়েলের ব্যবসায়ের কাজ কষ্টকরো।

rajib

Scanned with CamScanner